স্মরগুরু —কন্দর্পের পিতা—শ্রীকৃষ্ণ।
তৈলাগুরু—[দাহাগুরু] সুগন্ধি দ্রব্য বিং।
মহাগুরু —শ্রেষ্ঠগুরু, পুরুষের পিতামাতা, স্ত্রীলোকের পতি, অদত্তা কন্যার পিতা মাতা, আচার্য্য
কুস্তম্বুরু —[কুস্তম্বরী] ধন্যাক, ধনিয়া।

উরু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

উত্তরকুরু —জম্বুদ্বীপের নব বর্যান্তর্গত বর্ষ বিং।
ভবানীগুরু—হিমালয় পর্ব্বত।
আশ্রমগুরু—কুলাচার্য্য।
সংসারগুরু—কামদেব, মনসিজ, কন্দর্প, মার।

এরু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

পেরু —অগ্নি, সূর্য্য, সমুদ্র, সুমেরু পর্ব্বত, ঢক্কা।
ফেরু —শৃগাল, শিয়াল।
মেরু —হেমাদ্রি, সুমেরু পর্ব্বত, উত্তর প্রান্ত-উত্তর মেরু, দক্ষিণ প্রান্ত-দক্ষিণ মেরু, খড়্গাদির মুষ্টি, জপ মালার প্রধান মালা।
সেরু —বন্ধনকারী।

এরু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুঠেরু —চামরের বাতাস।
গণেরু —বেশ্যা, হস্তিনী, করিণী।
কুমেরু —পৃথিবীর দক্ষিণ প্রান্ত।
নমেরু —রুদ্রাক্ষ, সুর পুন্নাগ, বৃক্ষ বিং।

সুমেরু —পৃথিবীর মধ্যস্থ পর্ব্বত বিং, পৃথিবীর উত্তর প্রান্ত, জপ মালার মধ্যস্থ গুটিকা, সর্ব্বশেষ।
কশেরু —মেরুদণ্ড, তৃণমূলবিং, জম্বুদ্বীপের অংশবিং, কেশুর
অহেরু —শতমূলী।

এরু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

দক্ষিণমেরু—পৃথিবীর দক্ষিণ প্রান্ত।
উত্তরমেরু —পৃথিবীর উত্তর প্রান্ত।

ওরু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গোরু —(দেং) বৃষ, গবী, গো, ধেনু।
বামোরু —সুন্দর ঊরু যুক্তা স্ত্রী।

রে, রৈ, রো—অন্ত।

রে —(দেং) ইতর সম্বোধন, নীচ সম্ভাষণ।
তরে —(দেং) নিমিত্তে, জন্যে, কারণে।
পিছরে —(যাং) পিতা, বাপ।
অন্তরে —মধ্যে, দূরে।
একঘরে — (দেং) জাতিভ্রষ্ট, সমাজচ্যুত, অপাঙ্‌ক্তেয়
অগোচরে —(দেং) অজ্ঞাতে, অপ্রত্যক্ষে।
ইত্যবসরে —(দেং) এই কালে, এই অবসরে।
সারেং —(যাং) বাদ্য যন্ত্র বিশেষ, জাহাজচালক।
রৈ —ধন, স্বর্ণ, ধ্বনি, ঐশ্বর্য্য (ধা) শব্দকরা।
সুরৈ —সম্পত্তি শালী, ধনাঢ্য, বণিক।
রো —(ইং) মাছের ডিম।

টুমরো —(ইং) আগামী কল্য, কাইল।
অ্যারো —(ইং) তীর, শর, বাণ।
স্প্যারো —(ইং) চড়ুই পাখী, চটক।
ম্যারো —(ইং) মজ্জা, অস্থির সার।
হিরো —(ইং) বীর, যোদ্ধা।

অড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খড়্ —(ধা) ভেদন-খড়্গা, খাড়য়িতা, খড়।
গড়্ —গড়ন, প্রস্তুত কৃ, গড়াইয়া পতন।
চড়্ —(দেং) উঠন, চড়ন, বাহিয়া উঠন।
ছড়্ —(দেং) ছিটান, বুনান, ছাড়িয়া দেওয়া।
তড়্ —(ধা) দীপ্তি—তড়িৎ, হনন, আঘাত, তাড়না—তাড়ন, অ, হনন, আঘাত কৃ—বিতণ্ডন, বিতণ্ডা, তণ্ডুল।
বড়্ —(ধা) আরোহণ, রড়ভী, বলভী, বড়িশ, বলিশ।
ভড়্ —(ধা) পরিহাস—ভণ্ডন, ভণ্ডুর, ভণ্ড, ভণ্ডক।
রড়্ —(দেং) দৌড়ান।
লড়্ —(ধা) অত্যন্ত পালন—লালন, লণ্ডন, উৎক্ষেপণ
সড়্ —(দেং) সড়ন, মন্ত্রণা, পচন।
হড়্ —(দেং) দুঃখিত হওন, গোলে পড়ন।
কড় —(ধা) ভক্ষণ কৃ (দেং) কর ভূষণ, কটক, গালারবালা
খড় —ভঙ্গ, ক্ষুদ্র তৃণ, শুষ্কতৃণ (দেং) বিচালী।

গড় —দুর্গ, কেল্লা, পরিখা, পরদা, আটক, বাঁধা, মৎস্য বিং, গড়ুই মাছ, (দেং) প্রণাম, ঢেঁকির গর্ত্ত।

চড় —(দেং) করতল, চাপড়।

ছড় —(দেং) শস্ত্র বিং, বড়শা, ক্ষত চিহ্ন, পদাভরণ, মল

জড় —মূল, গোড়া, শীতল, নিস্পন্দ, নিস্তেজ, মূক, চেতন শক্তি রহিত, অন্ধ, মোহিত, মূঢ়, সীমা, জল।

যড় —(দেং) একত্রিত, সংগৃহীত।

ঝড় —(দেং) ঝটিকা, বাত্যা।

তড় —(দেং) কিনারা, প্রান্ত, পায়দলে গমন।

দড় —(দেং) কঠিন, শক্ত, পটু, সমর্থ।

ধড় —(দেং) শরীর, দেহ।

নড় —নল, খাগড়া, জাতি বিং। (ধা) অধঃপতন।

পড় —(দেং) পতন, পড়ন, ঘটন, পাঠক্র, আক্রমণ।

ফড় —(দেং) ফন্দি, খেলা বিং, রঙ্গস্থান।

বড় —(দেং) বৃহৎ, শ্রেষ্ঠ।

ভড় —বর্ণসঙ্কর-জাতিবিং, বৃহৎ ভার, নৌকা বিং।

শড় —(দেং) সংগ্রহ করণ, ছোট, অল্প, কৃশ।

ভড়ং —বাহিরে চাকচিক্য, লোক দেখান।

অড়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

উকড়্ —(দেং) গুড় দিয়া গিলান ক্র, খুলিয়া যাওয়া।

বিগড়্ —(দেং) পরিবর্ত্তন, শুষ্ক হওন, নষ্ট হওন।

মোচড়্—(দেং) পাক, জড়ান, ভাঙ্গা।

চড়্চড়্—(দেং) মনোদুঃখ, ফাটন, অত্যন্ত, গরমেকষ্টবোধ

জুবড়্ —(দেং) ভিজান, চুবড়ান।

হড়্বড়্—(দেং) ক্রু যোগে-ব্যস্ত হওন, অব্যক্ত শব্দ।

ইকড় —(দেং) এক প্রকার খাগ, শর, নল, শিলা,
ফাপা নয়, শক্ত, নিরেট।

কোকড়—মৃগ বিং, খরগোশ।

কুঁকড় —(দেং) খাট ক্রু, তুবড়িয়া যাওয়া, সঙ্কুচিত হওন

কোঁকড়—[কোঁকড়্] ছাতা, কোঁরক, খাটক্রু, সঙ্কুচিত হওন

জাঁকড় —(দেং) পণমুদ্রা, মুদ্দতে দ্রব্যাদি খরিদ।

ধোকড়—(দেং) মোটা চটী, বগলি, অণ্ডকোষ।

পাকড় —(যাং) আক্রমণ, ধরণ।

বুকড় —(দেং) সাহসী, বলবান্, নির্ভয়।

মাকড় —(দেং) লূতা, মাকড়সা, ঊর্ণনাভ।

রোকড়—(দেং) হিসাবের খাতা, নগদ তহবিল।

শিকড় —(দেং) শিফা, জড়, বৃক্ষাদির মূল, দাঁতের মাড়ী

ফক্কড় —(দেং) ফাঁকিবাজ, দোমবাজ।

কড়্কড়—(দেং) কঠিন দ্রব্যের শব্দ, শক্ত।

উখড় —(দেং) উখড়ান, খোলন।

তুখড় —(দেং) বলবান, পারগ, দক্ষ, বক্তা, তীক্ষ্ণ, উগ্র।

মুখড় —(খেঁচড়)(দেং) দুর্ম্মুখ, কটুবাদী।

আগড় —(দেং) দ্বারাদি আবরণার্থ ঝাঁপ।

দ্রগড় —[দগড়](দেং) বাদ্য বিং, জয়ঢক্কা, ভেরী।

নিগড় —হস্তীর লৌহময় পাদ বন্ধনোপকরণ-বেড়ী।
বিগড় —(দেং) বিগড়ান, অধমাবস্থা, পরিবর্ত্তন।
বেগড় —[যাং] নষ্ট হওন, দোষ যুক্ত হওন।
রগড় —[দেং] মর্দ্দন, ডলন, কৌতুক, মজা।
লগড় —মনোহর, সুন্দর।
খগ্‌গড় —শর, খাগড়া।
চিঙ্গড় —চিঙ্গড়ী মাছ, ইচা মৎস্য বিং।
ভাঙ্গড় —সিদ্ধিখোর, যে অতিরিক্ত গাঁজা খায়, ভাঙ্গী।
আঁচড় —[দেং] দাগ, নখাঘাত, ভূমিতে অঙ্ক পাতন।
ইচড় —[দেং] অপক্ক কাঁঠাল, তরুণ কণ্টকী ফল।
কোঁচড় —[দেং] ক্রোড় দেশস্থ বস্ত্রাংশ, কোঁচা।
খিচড় —[দেং] নীচ, কাদা, কর্দ্দম।
ছেঁচড় —[দেং] পাতি চোর, অদমনীয়।
কঞ্চড় —জলজ শাক বিং, কাঁচড়া দাম।
আছড় —[দেং] ধাক্কা দেওন, প্রহার করণ।
উছড় —(দেং) বমি করণ।
ছিঁছড় —(দেং) জমীতে রগড়ান, টানন।
উজড় —(দেং) নির্ম্মূল করণ, বমি করণ, নষ্টকরণ।
কুজড় —(দেং) মন্দ, পাজী, মন্দবুনিয়াদী।
কুঁজড় —(দেং) বিবাদকারী, অধম, গালি জনক।
উজ্জড় —(দেং) উজড়, নির্জ্জড়, ক্ষমা, মাপ প্রার্থনা।
নিঝড় —(দেং) ঝড় রহিত, বাত্যা শূন্য।

আদড় —(দেং) বস্ত্র খণ্ড বিং।
খেদড় —(দেং) তাড়াইয়া দেওয়া, শিকার করা।
গুদড় —[গুধড়] (দেং) পুরাতন কম্বল, লেপাদি।
ভোঁদড়—[ভন্দড়] (দেং) উদ্বিড়াল, ধেড়িয়া।
গিধড় —[দেং] শৃগাল, গৃধ্র পক্ষী।
উপড় —[দেং] উপড়ান, উৎপাটন।
কাপড় —[দেং] বস্ত্র, বসন, অম্বর।
চপড় —[চাপড়] (দেং) করতল, থাবড়া।
ছাপড় —[দেং] নীচ, নিম্ন।
থাপড় —[থাপ্পড়] (দেং) চপেটাঘাত।
গবড় —[দেং] কুৎসিত কর্ম্ম, অপাঠ্য লেখা।
তুবড় —[দেং] চুনাট করণ, তুমড়িয়া যাওয়া।
থুবড় —[দেং] মুখ গুঁজিয়া পতন।
লাবড় —[দেং] দুষ্ট, নির্লজ্জ।
বড়্‌বড়—[দেং] বিরক্ত সূচক বকনি, কচ্‌কচি।
কামড় —[দেং] দন্তাঘাত, দংশন।
চিমড় —[দেং] জড়িয়া ধরণ, লফ্‌টাইয়া ধরণ।
তুমড় —[দেং] দোপাট্টা কৃ, ভাঙ্গন।
দোমড় —[দেং] দুই অংশ একত্র করণ।
অলড় —[দেং] স্থায়ী, স্থির।
ঘুষড় —[দেং] প্রবেশ, ভিতরে গমন করণ।
ঘেঁষড় —[দেং] হেঁচ্‌ড়িয়া টানন, দৌড়ান।

বাহড় —[দেং] ফিরিয়া আইসন।

অড়—অন্ত। (৪) চতুরক্ষর।

উলুখড় —[দেং] ঘর ছাওয়া খড় বিং, ছোন খড়।

পয়োগড় —শিল, ঘনোপল, শিলা বৃষ্টি, দ্বীপ।

কাঠগড় —[দেং] চাউল ছাটাইবার বড় উরুখ,উখলি।

গড়গড় —[দেং] ঘাস বিং, দেব গর্জ্জন, শব্দ বিং।

সড়গড় —[দেং] অভ্যাস, আয়ত্ত, মুখস্থ।

বল্লীগড় —মৎস্য বিং, বালিগড়া মাছ,ভোলা মাছ।

নড়ঝড় —[দেং] নাড়াচাড়া, ব্যতিব্যস্ত।

নালপড় —[দেং] ছেপ পড়ন, থুথু ফেলন।

ধড়ফড় —[দেং] ধ্বস্তাধ্বস্তি করণ, অস্থির হওন।

আইবড় —[দেং] অবিবাহিতা-যাহার বিবাহ হয় নাই

কড়গড় —(দেং) কঠিন দ্রব্য চর্ব্বণ কালে উৎপন্ন শব্দ

জড়সড় —[জড়ষড়] (দেং) সঙ্কুচিত, একত্রিত, মূঢ়।

সড়সড় —(দেং) অব্যক্ত শব্দ বিং।

অড়—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

বালুকাগড় —মৎস্য বিং, বেলে মাছ, সিতাঙ্ক।

হাতছেঁচড় —(দেং) পাতি চোর, সম্ভাবনা সত্ত্বেও ঋণী

অড়—অন্ত। (৬) ষড়ক্ষর।

উখড়াখুকড় —(দেং) গোলে পতিত,আলুথালু পরিচ্ছদ

অগড়বগড় —(দেং) গোলমালিয়া,বাজে দ্রব্যসহমিশ্রিত

আটেকাটেদড়-(দেং) স্থির, স্থিরভাবে স্থায়ী, হুসিয়ার।

আড়—অস্ত। (২) দ্ব্যক্ষর।

আড়্—[দেং] বাঁকান,কাইৎ হইয়া পড়ন, পার হওন।
কাড়্—[দেং] কাড়িয়া লওন, পরিস্কার করণ।
ঝাড়্—[দেং] ঝাড়ন, মন্ত্রৌষধি-কৃ,অভিমন্ত্রিত কৃ।
তাড়্—[দেং] ভয় প্রদর্শন,তাড়না কৃ,তাড়িয়া দেওন।
ডাঁড়্—[দেং] খাড়া হওন, দাঁত, দন্ত।
থাড়্—[দেং] খাড়া হওন।
পাড়্—[দেং] বিছানাদি পাতন, পাড়িয়ে ফেলা, ফুল বা ফল সংগ্রহ করণ, নদ্যাদির তট।
বাড়্—[দেং] বৃদ্ধি, ফুলন, বিস্তার কৃ, নৌকা হইতে ধান চাল বিলি কৃ, অহঙ্কার, জন্মন।
মাড়্—[দেং]শস্য মাড়ন, পশু দ্বারা শস্যাদি মলন।
লাড়্—[দেং] ঝাঁকন, স্থানান্তর করণ।
শাড়্—[ধা] প্রশংসা-শাড়ন, শাড়িত।
আড় —[দেং] প্রস্থ, পরিসর, বাঁকা, বিস্তার, ঝুঁকিয়া পড়ন, ছাড়াইয়া যাওন।
খাঁড় —[দেং] গুড়, ইক্ষু বিকার।
গাড় —[দেং] প্রোথন করণ, পোঁতা, গর্ত্ত, গাড়া।
গাঁড় —[দেং] গুহ্যদেশ, পোঁদ।
ঘাড় —[দেং] মস্তকের অধোভাগ, গ্রীবা।
চাড় —[দেং] তাগাদা, আবশ্যক, যত্ন, ত্বরা।
ছাড্ —[যাং] ত্যাগপত্র।

ঝাড় —[দেং] গুচ্ছ, আলোকাধার বিং, বংশ, গোত্র।

ঠাড় —[দেং] খাড়া হওন, দাঁড় হওন।

ডাঁড়ু—[দাঁড়] (দেং) পক্ষিদিগের উপবেশনার্থ দাঁড়া বিং, নৌকাবাহন দণ্ড, বইঠা।

তাড় —তাড়ন, বেত্রাঘাত,শারীরিকদণ্ড,শব্দ, দূর্ব্বা বিং, অলঙ্কার বিং, গোলমাল, আটি, মুষ্টি।

থাড় —[দেং] সোজা দাঁড় করণ, সোজা ক্র।

দাড় —[দেং] নখ, হুল, চঞ্চু, চিবুক।

নাড় —[দেং] নাড়ন, আঁতড়ী, ভুঁড়ী।

পাড় —[দেং] নদ্যাদির তট, তীর,ঘরের পাইড়, আড়া

পাঁড় —[দেং] ভাঁড়িয়া যাওন, বিচী আদি রাখার পাত্র

ফাড় —[দেং] ভাগ ক্র, খণ্ড খণ্ড ক্র, ফাড়ন।

ফাঁড় —[দেং] গরুর ছানি খাওয়ার স্থান, ঘেরা স্থান, উদর, বিস্তার, প্রস্থ।

বাড় —[দেং] বৃদ্ধি, বিস্তার, পূরণ, উন্নতি, ধনবান্, জন্ম, প্রচুর, অত্যাচারী, কমঠ,বেষ্টন, ধার।

ব্যাড়—ইন্দ্র, সর্প, মাংসাহারী পশু,শ্বাপদ,প্রতারক।

ভাঁড় —[দেং] কৌতুকী, পরিহাস, নর্ত্তক, প্রবঞ্চক, ক্ষুদ্র মৃণ্ময় পাত্র বিং, ভাণ্ড।

মাড় —[দেং] তণ্ডুলাদির ক্বাথ, দুইনৌকার একত্রযোগ

রাঁড় —[দেং] রণ্ডা, বিধবা, বেশ্যা।

শাড় —[দেং] স্পন্দ, শব্দ, স্পর্শ জন্য বোধ।

সাড় —[দেং] জ্ঞান, স্পন্দ, স্পর্শজ্ঞান, চৈতন্য।
ষাঁড় —[দেং] ষণ্ড, বৃষ।
হাড় —[দেং] অস্থি, হড্ড।
আড়ং—[আড়ঙ্গ] (দেং) আমদানি স্থান, হাট।

আড়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ওআড় —[ওয়াড়] (দেং) লেপাদির আচ্ছাদন বস্ত্র।
খুঁআড় —[খোয়াড়] (দেং) গরু ও মেষাদি রাখার স্থান
চুয়াড় —[দেং] অসভ্য, পর্ব্বত বাসিন্দা।
নিআড় —[দেং] সম বাহু ত্রিভুজ, গোজা।
আঁকাড়—[দেং] সাপটিয়া ধরা, আঁকুষি দিয়া ধরা।
রাকাড় —[দেং] উত্তর, জবাব।
উখাড় —[দেং] তুলিয়া ফেলা, মোটা চিনি।
যোগাড় —[দেং] কর্ম্ম নির্ব্বাহের উপায়, কার্য্যোদ্যোগ
তাগাড় —[দেং] খোয়া ও শুরকি ভিজান স্থান।
বাগাড়ু —[যাং] সম্বরা, সন্তুলন ক্রু।
বিগাড় —[দেং] নষ্ট হওন, ধ্বংস, ব্যাঘাত।
ভাগাড় —[দেং] মৃত পশ্বাদি ফেলার স্থান।
চ্যাগাড় —[দেং] বেড়া, চেকার।
আছাড় —[দেং] আঘাত, উৎপাতন, আক্ষেপ।
কাছাড় —[দেং] নদীর কচ্ছ, নদীর কুল।
পাছাড় —[দেং] মল্ল যুদ্ধ, কুস্তী।
আজাড় —[দেং]মোচন, অবসর, নৌকার পাইল দণ্ড।

উজাড় —[দেং] নির্ম্মনুষ্য, খালি, বন।
গজাড় —[দেং] মৎস্য বিশেষ।
নেজাড় —[লেজাড়] (দেং) ঘোড়ার দুমুচি।
মাঝাড় —[দেং] মধ্যস্থানীয়।
আদাড় —[দেং] জঞ্জাল যুক্ত স্থান, কুস্থল।
চাঁদাড় —[দেং] ঘরের মট্‌কা, উভয় চালের জোড়স্থান
পাঁদাড় —[দেং] গৃহের পশ্চাদ্ভাগ, জঙ্গলময় স্থান।
গাংধাড় —[দেং] মৎস্য বিশেষ।
অনাড় —[দেং] যাহা নাড়া হয় নাই, নির্ব্বিঘ্ন, গোপন
চৌপাড় —[দেং] পার্শ্ব, পাশা।
সাভাড় —[দেং] নিষ্পত্তি, পরিস্কার।
অসাড় —[নিসাড়] (দেং) অবশ, অচেতন।
কশাড় —[দেং] ঘাস বিং, তৃণ বিশেষ।
চোহাড় —[দেং] পাহাড়িয়া অন্ত্যজ জাতি।
পাহাড় —[দেং] পর্ব্বত, গিরি।

আড়—অন্ত। (৪) চতুরক্ষর।

একগাড় —[দেং] সমতুল্য, এক মত অবস্থা।
রাজগাঁড় —[দেং] উদরের ভিতর জাত স্ফোটক রোগ
দেবতাড় —লতা বিং, ঘোষক লতা, রাহু, অগ্নি, বৃক্ষ বিং।
তোড়তাড় —[দেং] স্রোতের বেগ।
প্রপন্নাড় —চক্রমর্দ্দক বৃক্ষ, চাকুন্দে গাছ।
বাটপাড় —[দেং] বম্বেটিয়া নাবিক, তস্কর, জুয়াচোর।

চক্রবাড় —লোকালোক পর্ব্বত, চক্রবাত, ঘূর্ণিবায়ু, বাতাবর্ত্ত, বানাড়ুলি, মণ্ডলাকার দিক্‌সমূহ

পৃষ্ঠবাড় —যুগপার্শ্বগ বৃষ, যে বৃষ পিঠে বোঝা বয়।

আড়বাড় —[দেং] সর্ব্বত্র, সকল স্থান।

ভিড়ভাড় —[দেং] জনতা, ধুমধাম।

হুড়হাড় —[দেং] পেটের ডাক, মেঘের গর্জ্জন, পতনশব্দ

বুক্‌বাছাড়—[দেং] শীত নিবারণার্থ পরিধেয় বস্ত্র বুকে আচ্ছাদন করা, গাঁথি বান্ধা।

ইড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঈড়্ —[ধা] স্তুতি-ঈড়া, ঈড়িত, ঈলিত।

ক্রীড়্ —[ধা] খেলা-ক্রীড়ন, ক্রীড়া, ক্রীড়িত, ক্রীড়ক।

চিড়্ —[দেং] কর্ত্তন-ক্র, মনের উদ্বেগ, ফাটন।

নিড়্ —[দেং] নিড়ান, ঘাস পরিষ্কার।

পীড়্ —[ধা] বধ, ক্লেশ-পীড়া, পীড়ন, পীড়িত, পীড্যমান

ব্রীড়্ —[ধা] লজ্জা-ব্রীড়া, ব্রীড়ন, ব্রীড়িত।

ক্রীড় —পরিহাস, খেলন, খেলা।

চিড় —[দেং] ফাটা, বৈরক্তি, উষ্মা, রাগ।

ছিঁড় —[দেং] ফাড়ন, বিদীর্ণ ক্র।

নীড় —পক্ষীর বাসা, কুলায়।

নিংড় —[দেং] নিংড়ান, ফোঁটা২ পড়ন।

পীড় —[ধা] বধ করা, মন্থন করা।

বিড় —লবণ বিং, বিট্ লবণ।

ব্রীড় —লজ্জা, ত্রপা। [ধা] ক্ষেপণ করা।
ভিড় —[দেং] লোক সমুহ, জনতা, গোল।
ভিঁড় —[যাং] নিকটে আইসা, লাগান, স্তূপ।
মৃড় —শিব, মহাদেব।

ইড়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

জইড় —[দেং] গণ্ডগোল, বিবাদ, হাতাহাতি।
পাইড় —[দেং] ঘরের তিরোধান, বস্ত্রের কিনারা।
আক্রীড়—[দেং] রাজকীয় উদ্যান, উপবন, ক্রীড়া স্থান।
চিড়্ চিড়্-[দেং] ক্ষেপাওন, ঠেঁটামি।
তিন্তিড়—[দেং] তেঁতুল গাছ, দানা বিং, অম্ল, গ্রহবৈগুণ্য
সনীড় —[দেং] নিকট, তুল্য, নীড় যুক্ত, সমীপ।
আপীড়—[দেং] যাহার দ্বারা মস্তক পীড়িত হয়-কিরীট, শিখাস্থিত মাল্য, ক্লেশ দান, শেখর, বন্ধন বিং
উৎপীড়—বাধা, উত্তেজনা, ঠেলা মারা, ঠাসা ঠাসী, প্রাবর্ত্তন, আধিক্য, ছাপা ছাপি, উপদ্রব।
সম্পীড়—প্রেরণ, নিষ্পীড়ন, ক্লেশ দেওয়া।
দ্রাবিড়—দেশ বিং, হীনদশা প্রাপ্ত ক্ষত্রিয় জাতি হইতে উৎপন্ন জাতি বিং, চণ্ডাল জাতি।
নিবিড় —ঘন, দুর্গম্য, নিরব কানন, সান্দ্র, নিরন্ধ্র, পুরু, দৃঢ়, নিরন্তর, নিরবকাশ, অবিরল।
প্রাবিড়—[দেং] অনেক বিষয়ে আবদ্ধ হওন।
সব্রীড় —সলজ্জ, বিনীত।

ইড়—অন্ত। (৪) চতুরক্ষর।

দিয়াইড় —[দেং] মালসা, মৃৎপাত্র বিং।
পঙ্কক্রীড় —যে কাদায় খেলে=শূকর, কর্দ্দম খেলক।
মত্তাক্রীড় —বিকৃতিচ্ছন্দের জাতি বিং।
রুদ্রাক্রীড় —প্রেতভূমি, শ্মশান, সমাধিস্থান।
গূঢ়নীড় —খঞ্জন পক্ষী।
গৃহনীড় —চড়ুই পাখী।
চন্দ্রাপীড় —মহাদেব, শিব।
তারাপীড়—চন্দ্র, নৃপ বিং।
চিড়বিড় —[দেং] ফুটন, হঠাৎ রাগ ক্‌।
বিড়বিড়--[দেং] বচসা, কচ্‌কচি, অব্যক্ত শব্দ।
কিড়গিড় —[দেং] দন্ত ঘর্ষণ ধ্বনি, অব্যক্ত শব্দ।
সিড়গিড় —[দেং] টন্‌ ২ কৃ, ঝন্‌ ২ কৃ।
কুবলয়াপীড়--হস্তিরূপ ধারী কংসাসুরের দৈত্য বিং, নীলোৎপল যাহার ভূষণ হইয়াছে।

উড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উড়্‌ —[দেং] উড়ন, বাতাসের সহিত চলন।
ক্রুড়্‌ —[ধা] নিম্ন-ক্রোড়, ক্রোড়পত্র, ক্রোড়পাদ।
ক্ষুড়্‌ --[ধা] ভেদ করা, ক্ষুড়য়তি।
গুড়্‌ —[দেং] গুঠান, গড়্গাড়ান। [ধা] চূর্ণীকরণ,গুণ্ডিত
ঘুড়্‌ —[দেং] চতুর্দ্দিকে ঘুরণ, ভোঁ ২ করিয়া বেড়ান।
জুড়্‌ —[ধা] বন্ধন, গমন--জুড়ন, জুড়িত, জুড়িতা।

যুড়্ —[দেং] আরম্ভ ক্র, যোগ ক্র, জোটাইয়া দেওন।
তুড়্ —[দেং] ভাঙ্গন,ফজিয়ত ক্র। [ধা] ভেদক-তোড়ন
মুড়্ —[দেং] সীমানা, কিনারা,মাথা। [ধা] মুণ্ডন, মুণ্ড
লুড়্ —[ধা] মন্থন করা-লোড়ন, লুড়ান।
হুড়্ —[দেং] জনতা, হাঙ্গামা ক্র। [ধা] প্রাপ্তি-হোড়া
খুস্‌ড়্—[দেং] জড়ান, কোন বস্তু খুঁসিয়া দেওন।
কুড় —কুষ্ঠ বৃক্ষ,ঔষধি বিং, স্তূপ,রাশি,ভূমির বিঘা।
কুড় —[দেং] ১রিম কাগজ,ঠিকানা,শেষ,সুত্রের মূড়া।
কুঁড় —[দেং] তুষ কণা, তুষের ক্ষুদ্রাংশ, কুঁড়া।
গুড় —ইক্ষু এবং খর্জ্জুর রস জাত মিষ্ট দ্রব্য বিং, বর্ত্তুল,হস্তির সজ্জা, মধু,গ্রাস,সিজ গাছ,খাঁড়।
গুঁড় —[দেং] পিষ্ট, চূর্ণ, পিশিত,ধূলী, পরমাণু।
চূড় —[দেং] হস্তের আভরণ বিং।
ছুড় —[দেং] বন্দুক বা তির ছুড়ন, বিক্ষেপ।
জুড় —[দেং] জমাট হওন, শীতাচ্ছন্ন, ছায়া।
ঝুড় —[দেং] ঝুড়িয়া ফেলন, কর্ত্তন ক্র।
নুড় —[দেং] খড়ের নুড়া, বাজি, পণ।
পুড় —[দেং] পোড়ান, পুড়িয়া ফেলা, দগ্ধ ক্র।
ফুঁড় —[দেং] ছেদ ক্র, বিদ্ধ ক্র।
বুড় —[দেং] ডুবন, জলমগ্ন হওন।
মুড় —[দেং] সীমানা, কিনারা, মাথা।
শুঁড় —[দেং] করীকর, হাতীর শুঁড়।

হুড় —[দেং] জনতা, লোকাগম।

দুমড় —[দেং] বেঁকান, নোয়ান, দুই মুখ একত্র করণ।

উড়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

খেঁউড় —[দেং] অশ্লীল বাক্যযুক্ত কবিতা, অশ্লীল গাথক

গেঁউড় —[দেং] কাঁটাযুক্ত শিকড়।

তেউড় —[দেং] ছোট চারা, কলাগাছের শিকড়।

কাঁকুড় —[দেং] অপক্ক ফুটি।

পাকুড় —[দেং] বৃক্ষ বিং, প্লক্ষ বৃক্ষ।

চিক্কুড় —[দেং] মেঘের শব্দ, বজ্র, তড়িৎ।

জাগুড় —কুঙ্কুম।

নিগূঢ় —সংবৃত, আচ্ছাদিত, গুপ্ত, দুর্ব্বোধ, আলিঙ্গিত।

লগুড় —লাঠি, যষ্টি, গদা, লৌহ মুদ্গর।

অচূড় —[দেং] চূড়াকরণ রহিত, শিখা হীন।

আঁতুড়—[দেং] সুতিকাগার, প্রসব গৃহ।

নেতুড় —[দেং] অলস, অকর্ম্মা, সংস্পৃষ্ট, লগ্ন।

আদুড় —[দেং] অনাবৃত, অঢাকা, অনাচ্ছাদিত, খোলা।

বাদুড় —[দেং] চামচিকা বিং।

বাহুড় —[দেং] ফিরণ, ফিরিয়া যাওয়া।

উপুড় —(উবুড়) [দেং] ন্যুব্জ, বিপর্য্যস্ত, উল্টা।

গরুড় —পক্ষীরাজ, বিষ্ণু বাহন পক্ষী, খগেশ্বর, বৈনতেয়

গারুড় —বিষ শাস্ত্র, বিষমন্ত্র, স্বর্ণ, মরকত মণি, গরুড় শাস্ত্র পুরাণ, হরিদ্বর্ণ রত্ন বিং, গরুড় সম্বন্ধীয়।

উড়—অন্ত। (৪) চতুরক্ষর।

সারকুড় —[দেং] গোময়াদি নিক্ষেপ স্থান।

উড়কুড় —[দেং] আদ্যন্ত, শেষ, সমাপ্তি।

অয়োগুড়—লোহার গুলিকা।

চিটাগুড় —[দেং] কোত্‌রা গুড়, গুড় বিং।

গিরিগুড় —কন্দুক, গোলা।

ঝোলাগুড়-[দেং] মাৎগুড়।

কৃতচূড় —যে বালকের চূড়া করণ সংস্কার হইয়াছে।

ভদ্রচূড় —বৃক্ষ বিং, লঙ্কাসিজ।

চন্দ্রচূড় —মহাদেব, শিব, পর্ব্বত বিং।

স্বর্ণচূড় —পক্ষি বিং, চাসপক্ষী, কুক্কুট, কুঁকুড়া।

অবচূড় —ধ্বজার অধোবদ্ধ বস্ত্র।

তাম্রচূড় —কুক্কুট, কুঁকড়া।

নুড়নুড় —[দেং] ঝুলন. পশ্চাৎ গামী হওন।

গুড়মুড় —[দেং] পায়ের গোড়ালি।

ধুড়মুড় —[দেং] হঠাৎ, ব্যস্তসমস্ত।

হুড়মুড় —[দেং]পেটের ডাক, হঠাৎ পতন।

হুড়হুড় —[দেং] জোরেনিক্ষেপ,বেগে পতন, মেঘগর্জ্জন

আঁচ্‌তাকুড়-[দেং] ময়লা যুক্ত স্থান, নালা,নর্দ্দমা।

এড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষ্বেড়্—[ধা] সিংহ ধ্বনি, ক্ষ্বেড়, ক্ষ্বেড়িত।

বেড়্ —[দেং] চতুর্দ্দিগে বেষ্টন,ঘিরণ,পুনঃরায় মাপন।

হেড়্ —[ধা] অনাদর-হেলন, অবহেলন, হেলিত।
এড় —বধির, মেষ, ফেলন, ত্যাগ কৃ, আল্লা কৃ।
ক্ষ্বেড়—শব্দ, অশ্লীল গান, বিষ, খেউড়।
চেড় —যাহাকে প্রেরণ করা যায়।
ডেড় —[দেড়] [দেং] অর্দ্ধাধিক এক, সার্দ্ধৈক।
বেড় —[দেং] বেষ্টন, ঘেরা, বৃতি।
ভেড় —মেষ, ভেড়া।
মেড় —[দেং] কাঠাম, প্রস্তর নির্ম্মিত দেবমূর্ত্তি।

এড়—অন্ত। (৪) চতুরক্ষর।

স্থূলক্ষ্বেড় —শর, বাণ, তীর।
ঘোড়বেড়—[দেং] মাথায় বস্ত্র জড়ান ক্রম বিং।

ওড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খোড়্—[ধা] গতিবৈকল্য-খোড়ন, খোড়া।
ওড় —পুষ্প বিশেষ, দেশ বিশেষ।
কোড়—[দেং] মাটি খনন কৃ।
কোঁড়—[দেং] বাঁশের নোকা।
ক্রোড়—শনিগ্রহ, শূকর, কোল, অঙ্ক, বক্ষঃস্থল, উৎসঙ্গ।
খোড় —খঞ্জ, খোঁড়া, পঙ্গু।
গোড় —[দেং] পাদ মূল, উচ্চনাভি, গুড়গুড়া।
গোঁড়—[দেং] উচ্চনাভি, মাংসপিণ্ড, ফুলা, জাতি বিশেষ
ঘোড়—[দেং] জুতার অগ্রভাগ, অশ্ব।
চোড় —উত্তরীয় বস্ত্র, দেশ বিং।

ছোড় —[দেং] শিকার করা, গুলি নিক্ষেপ।
যোড় —[দেং] যুগ্ম, দ্বন্দ্ব, মিলন।
ঝোড়—[দেং] গুবাক বৃক্ষ, গুল্ম, জঙ্গল, ক্ষুদ্রবন।
তোড়—[দেং] অতিশয় জলবেগ, প্রবাহের প্রবলতা।
[ধা] অনাদর করা।
থোড়—[দেং] কলা গাছের মধ্য দেশ, কলা কোরক।
ধোড় —ডুণ্ডুভ, ঢোঁড়া সাপ।
নোড় —খাদ, খাঁটিতে ভেল মিশ্রণ, ফল বিং, দৌড়ন।
পোড়—[দেং] দাহ, দগ্ধ।
ফোড় —[ফোঁড়] [দেং] ফোঁড়ার অস্ত্র বিং, ছিদ্র।
মোড় —[দেং] বক্রতা, বাঁকা, পশুর স্তন।
হোড় —হুড়ী নৌকা, লোপ্ত্র, চোরিত দ্রব্য, ভিজা, তরল
দোড়ং—[দেং] বৃহৎ খণ্ড, মৃত্তিকার চাপ, বৃহৎ গর্ত্ত।

ওড়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আওড় —[দেং] উচ্চারণ ক্র। [যাং] আঘাত, জখম।
তেওড় —[দেং] বক্র হওন, বাঁকা হওন।
দেওড় —[দেং] বন্দুকের আওয়াজ, গুলি নিক্ষেপ।
বাঁওড় —[দেং] বাঁক, বৃহৎ জলাশয়।
অক্ষোড়—আখরোট ফল ও বৃক্ষ, পর্ব্বতজাত পীলুবৃক্ষ
আক্ষোড়—আখরোট গাছ।
আগোড়—[দেং] আবরণ, ঝাঁপ।
ছেঁচোড় —[দেং] পাতিচোর, অবাধ্য লোক, নির্লজ্জ

নিচ্চোড় —[দেং] অধম, অদাতা, তুচ্ছনীয়, অন্ত্যজ।
অপোড় —[দেং] অদাহ্য, অদহনীয়।

ওড়—অন্ত। (৪) চতুরক্ষর।

ওড়ঘোড় —[দেং] বস্ত্রাদি দ্বারা বেষ্টিত।
তোড়জোড়—[দেং] গুলিখোরের হুঁকাদি।
তাড়তোড়—[দেং] সুচিকর্ম্ম, সুচের দ্বারা ফুলতোলা।
নালিফোঁড়—[দেং] কাপড় বুনানির দোষ বিশেষ।

ওড়—অন্ত।

মাণিকযোড় —[দেং]পাখীবিং,বিবাহেব্যবহার্য্যগধবান্ধয়
এফোঁড়ওফোঁড়-[দেং] বাহিরভিতরএককালে ছিদ্রকরণ

ঔড়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দৌড় —[দেং] দৌড়ন, শিকারের পিছে গমন।
গৌড় —দেশ বিং, তদ্দেশীয় লোক, সরাব বিশেষ।
চৌড় —[দেং] চূড়াসম্বন্ধীয়,চূড়াবিশিষ্ট,সংস্কার বিশেষ
দৌড় —[দেং] ধাবন,দ্রুত চলন, অতিবেগে গমন।
মৌড় —[দেং] মাথার মুকুট।

ঔড়—অন্ত। (৪) চতুরক্ষর।

ঘোড়দৌড়—[দেং] অশ্বের দৌড় করণ।
পাতিমৌড় —(দেং) নব বিবাহিতার মুকুট বিশেষ।

অড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কড়া —[দেং] কড়ি, শৃঙ্খল, শক্ত, কটাহ, কটু, দৃঢ়।
খড়া —[দেং] জাহাজ বোঝাই মাল,গাছের শব্দ,সংবাদ

গড়া —[দেং] প্রস্তুত ক্র, গড়াইয়া দেওন, গজি কাপড়।
ঘড়া —[দেং] জলাধার বিং, বড় কলসী।
চড়া —[দেং] আরোহণ, চটক পক্ষী, নদ্যাদির অভ্যন্তরস্থ দ্বীপ, পুলিন, তোয়োত্থিত ভূমি, দ্বীপ, উচ্চ
ছড়া —[দেং] বিস্তার করণ, ছিটান, চর্ম্মত্যাগ করণ, গানের কবিতা বিং, মালার খণ্ড, গোময়ান্বিত জল প্রক্ষেপ, গুচ্ছ, স্তবক, ফলাদির গুচ্ছ।
যড়া —[দেং] সংগ্রহ ক্র, ছড়ান বস্তু একত্রকরণ, কীটবিং
তড়া —[দেং] নদীর কিনারা, কম জলযুক্ত স্থান, তীর।
দড়া —[দেং] স্থূল দীর্ঘ রজ্জু, কাছী।
ধড়া —[দেং] জীর্ণ বস্ত্র, নেকড়া, কটিবন্ধন বিং।
পড়া —[দেং] অধ্যয়ন, পঠন।
বড়া —[দেং] গোলাকার পিষ্টক বিং, বটক।
মড়া —[দেং] মৃত দেহ, শব।
শড়া —[সড়া] (দেং) পচা, শীর্ণ, ক্ষীণ, নিকৃষ্ট, জঘন্য।
হড়া —[দেং] তুষাদির স্তূপ।

অড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আয়ড়া—(দেং) পাখী রাখার জন্য বংশনির্ম্মিত ডাঁপ।
বয়ড়া —(দেং) শাল গাছ, ফল বিং, বহেড়া।
আঁকড়া—(দেং) যাহাতে দ্রব্যাদি ঝুলান যায়—আঁকুড়া
ইকড়া —(দেং) ঘাস বিং, বৃহৎ ইন্দুর।
উঁকড়া —(দেং) খোলন, খসান, টান দিয়া উঠান।

ওকড়া —(দেং) পাঁচন বিং, বৃক্ষ বিং, ঘাস বিং।

কুকড়া —(দেং) আম্রচুড়, মুরগী।

কাঁকড়া —(দেং) কুলীর, কর্কট।

কোঁকড়া—(দেং) চুনাট হওন, জড়ান, কুঞ্চিত হওয়া।

ছকড়া —(দেং) ৬।। গণ্ডা, গাড়ী বিং।

ঝকড়া —[ঝগড়া] (দেং) কলহ, বিবাদ, দ্বন্দ্ব।

ধোকড়া—(দেং) অণ্ড কোষ, মোটা কম্বলাদি।

নাকড়া—(দেং) নাসিকার রোগ বিং।

নেকড়া—(দেং) ছিন্ন বস্ত্র, কানি।

পাকড়া—(দেং) কোন বস্তু বা ব্যক্তিকে আক্রমণ করা, খড়মের বউলা'। [যাং] গ্রেফ্‌তার ক্র।

বুকড়া —(দেং) বক্ষঃস্থল,ছাতি,সাহসী,জঠর,মাকুন্দা।

বাঁকড়া—(দেং) দুরন্ত, দুষ্ট, নির্লজ্জ।

বেঁকড়া—(দেং) বাঁকা, তেড়ি হওন।

শকড়া—(দেং) গাড়ী বিং, যান।

আখড়া—[আখ্‌ড়া](দেং)কুস্তির আড্ডা,পাঠশালা,গায়ক দিগের সঙ্গীতালয়, বৈষ্ণবের বসতি স্থান।

উখড়া —[উকড়া] (দেং) খাদ্য দ্রব্য বিং, মুড়কি।

আগড়া—[আগ্‌ড়া] (দেং) ভুষী, তুঁষ, শস্যহীন ধান্য।

খাগড়া —(দেং) খাগ, মোটা ঘাস বিং।

বিগড়া —[বেগড়া] (দেং) নষ্ট, হতাশ, অধমাবস্থা।

চেঙ্গড়া —(দেং)বালক,বিস্তার,বংশনির্ম্মিত পাত্র বিশেষ

যোঙ্গড়া—(দেং) দোপাতা ঝিনুক, শম্বুকাদি জল জন্তু।
লেঙ্গড়া —(দেং) খোঁড়া, ন্যঙ্চান, পাদ বিকল।
শিঙ্গড়া —(দেং) সিন্দূর বৃক্ষ।
হড়্গাড়া —(দেং) অসমান স্থান সমভূম কৃ।
আঁচড়া—(দেং) নখাঘাত, আঁচড়, চিরণ।
কচড়া —(দেং) জাহাজের দড়া, কাছী। (যাং) বেহায়া
খিচড়া —(দেং) অধম, নীচ, অশ্লীল বাক্য।
খেঁচড়া —(দেং) অবাচ্য, অধম, মোটা, পাজী।
ছেঁচড়া —(দেং) টানন, দুষ্ট, কৃপণ, খল, বজ্জাত।
পাঁচড়া —(দেং) খোস, ক্ষত বিং।
পোঁচড়া—(দেং) দেওয়ালে চূণ প্রলেপ, লেপা।
বাচড়া —(দেং) পতিত ভূমি, অশ্বশাবক, ঘোড়ার বাচ্ছা
আছড়া—(দেং) ধাক্কা, থেপকান।
গাছড়া —(দেং) উদ্ভিদ্‌, বৃক্ষ সম্বন্ধীয়।
পাছড়া —(দেং) কায়দাতে ফেলন, ছুড়।
কুজড়া —(দেং) অধম, নীচ, পাজি, বিবাদী, অন্ত্যজ।
গুঁজড়া—(দেং) খুঁসিয়া দেওন, ভিতরে প্রবেশ।
হিজড়া—(দেং) নপুংসক, খোজা।
পাতড়া —(দেং) পুস্তকের উপপত্র, নানা বিষয়ক লিপি, খাদ্য দ্রব্যের অংশ, প্রস্তুতান্ন।
ফাতড়া—(দেং) প্রবঞ্চক, মিথ্যুক, অকর্ম্মণ্য।
হাতড়া —(দেং) হস্ত দ্বারা অনুসন্ধান।

কাঁথড়া—[কাঁতড়া] (দেং) গৃহ বা সহরের ধ্বংসাবশেষ।
কাদড়া—(দেং) কাদা সংযুক্ত, বৃষ্টিতে ভিজা, পঙ্কিল।
গেদড়া—(দেং) নোঙরা, ময়লা যুক্ত।
গেঁদড়া—(দেং) মিষ্ট যুক্ত খাদ্য দ্রব্য বিং।
চাপড়া—[চাবড়া] (দেং) মৃত্তিকা খণ্ড, কোদাল ভরা মাটী
ঝোপড়া-(দেং) কুঁড়ে ঘর, ঝুপড়ি, কুটির।
তোপড়া-(দেং) পুলিন্দা, গাঁটরি, পুঁটুলি, শুষ্ক।
থাপড়া—[থাবড়া] (দেং) চাপড়, চড়, থাবা, হাতের তাল।
গবড়া—(দেং) মন্দরূপে কার্য্য করা, মন্দ লেখা।
ছিবড়া—(দেং) শিটা, অসার ভাগ।
ছোবড়া—(দেং) নারিকেলাদির ত্বক্ বা খোসা, ছিল্কা।
জুবড়া—(দেং) ভিজান, জলে চুব্ড়ান।
তোবড়া—(দেং) চুপ্সিয়া যাওন।
থুবড়া—(দেং) অধিক বয়স পর্য্যন্ত অকৃত বিবাহ।
থেবড়া—(দেং) চেপ্টা, নত, চৌড়া।
থোবড়া—(দেং) মাটীতে আছাড় পড়ন।
নিবড়া—(দেং) কার্য্য সমাপন কৃ। হাবড়া—ধৈর্য্য।
আমড়া—(দেং) আম্রাতক, ফল বিশেষ।
কামড়া—(দেং) কামড় দ্বারা আঘাত করণ।
কুমড়া—(দেং) ফল বিং, কুষ্মাণ্ড।
চামড়া—ত্বক, চাম, ছাল, চর্ম্ম।
চিমড়া—(দেং) শুষ্ক, কৃশ, খোঁসা।

ছিমড়া —(দেং) মটরাদির খোঁসা, পিতৃহীন বালক।
দামড়া —(দেং) ষণ্ড, মুক্ত ষণ্ড।
দোমড়া—(দেং) দুই পাট একত্র কৃ, দ্বি বিভাগ কৃ।
দোলড়া—(দেং) বিপক্ষে গমন কারী, ২য় স্থানে স্থাপন
খগড়া —[খোগড়া] (দেং) বাজে, যেমন তেমন, চোথা
ঘুষড়া —(দে) জোর করিয়া প্রবেশ,ভিতরে প্রবেশ।
ঘেঁষড়া —(দেং) হেঁচড়িয়া টানন, দৌড়ান।
পুষড়া —(দেং) পৌষ পার্ব্বণ, পৌষ সংক্রান্তি কৃত্য।
বাহড়া —(দেং) ফিরিয়া আইসন।
ভুতড়্যা—(দেং) ভুতের ওঝা।

অড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

কাঁচকড়া —(দেং)তিমি মৎস্যের দন্তস্থানের অস্থি বিং
দাঁতকড়া —(দেং) চোয়ালির পার্শ্ব হইতে উত্থিত দন্ত।
কান্তকড়া—(দেং) লৌহ নির্ম্মিত কটাহ।
কাঠগড়া —(দেং) কাষ্ঠ নির্ম্মিত বৃতি, বেড়া।
আড়গড়া —(দেং) অশ্বশালা, আস্তাবল,ধর্ম্মার্থ গৃহ বিং
হড়াগড়া —(দেং) কাঠিন্য, কঠিনতা।
উচ্চিঙ্গড়া—[দেং] কীট বিশেষ, ঝিঁঝী পোকা।
ঘোড়াচড়া—[দেং] ঘোড় সোয়ার, তুরুক সোয়ার।
পায়পড়া —[দেং] খোসামুদিয়া, পদতলে পতন।
টাকপড়া —[দেং] কেশহীন, নেড়ে।
লেখাপড়া—[দেং] লেখা ও পড়া, নিদর্শন পত্র।

বাঁড়া —[দেং] শিশ্ন, পুং চিহ্ন।

ভাড়া —[দেং] কেরেয়া, আজুরা, ভাটক।

ভাঁড়া —[দেং] ঠকান, মস্‌করা, পাত্র, আধার।

মাড়া —[দেং] দল্লান,জমী মালিশ করণ, শস্যাদি মলন জন্য প্রস্তুত করণ, মর্দ্দন করা।

লাড়া —[দেং] স্থানান্তর ক্রু, ঝাঁকন, দোলান।

শাড়া —(সাড়া) [দেং] শব্দ, স্পন্দ, উত্তর, ঠার।

হাঁড়া —[দেং] বৃহৎ মৃৎ পাত্র বিশেষ, বড় হাঁড়ী।

ঝগ্‌ড়া--[দেং] প্রতিবন্ধক, বাধা, ব্যাঘাত, ঝঞ্ঝাট,পেঁচ, সন্দেহ, ছেঁচন, বিবাদ, কলহ।

কাঁৎড়া -[দেং] ভগ্ন প্রাচীর, জীর্ণ দেওয়াল।

মাস্‌ড়া --[দেং] মাসিক বেতন, মাস বরাদ্দ।

ঘেঁস্‌ড়া -[দেং] জোরে স্পর্শ ক্রু, ছড় যাওয়া।

ঘাস্‌ড়্যা-[দেং] ঘাসী, ঘাস ভক্ষণকারী-গো ছাগাদি।

আড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুআড়া —[কোহাড়া] (দেং) কোয়াসা, শিশির।

বেআড়া—[দেং] বিধি বহির্ভূত, বেপরিমাণ।

আকাঁড়া—[দেং] অপরিস্কৃত, মহাবল পরাক্রম।

শিঙ্গাড়া —[দেং] পানীফল, শৃঙ্গাটক।

বিদাঁড়া --(বেদাঁড়া) [দেং] বেনিয়ম,রীতি বহির্ভূত।

গাংধাড়া—[দেং] মৎস্য বিশেষ।

মজাড়্যা --[দেং] গীত বা রহস্য দ্বারা আমোদ কারী।

বেসাড়্যা—[দেং] পুরাতন, বাসিয়া, উগ্র গন্ধ যুক্ত।

আড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

একআড়া —[দেং] এক রকম, একাকার।

ঘাসিয়াড়া —[দেং] ঘাসি, ঘাসকাটা, তৃণচ্ছেদক

খাড়াখাড়া —[দেং] তৎক্ষণাৎ, শীঘ্র ২।

তাঁতগাড়া —[দেং] তাঁতিদের বস্ত্র বুনান স্থান।

নাড়াচাড়া —[দেং] স্পর্শ কৃ, সর্ব্বদা নাড়া।

গাঁটিছাড়া —[গাঁইটছড়া][দেং]পাত্রপাত্রীর বস্ত্রের গ্রন্থি

থানছাড়া —[দেং] স্থান চ্যুত, ভাঙ্গন।

খুঁটঝাড়া —[দেং] সমুদায়, সাকুল্য, নিঃশেষ কৃ।

মাথানাড়া —[দেং] শিরঃকম্পন, তর্জ্জন গর্জ্জন।

তলপাড়া —[দেং] বিছানার চাদর-আচ্ছাদন।

তোলাপাড়া—[দেং] উঠানামা, আন্দোলন।

পরশাড়া —[দেং] খোসামুদে, লতা বিশেষ।

আড়া—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নেউটপাড়া —[দেং] হৃদ্যতা, গতিবিধি।

গইড়পাড়া —[দেং] মাটীতে গড়াগড়ি দেওয়া।

আঙ্গুলহাড়া —[দেং] অঙ্গুলির ক্ষত রোগ বিং, নখকুনি

ইড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইড়া —ইক্ষ্বাকুকন্যা, বুধ পত্নী, পৃথিবী, বাণী, সরস্বতী, শরীরের বাম ভাগস্থ নাড়ী, ধেনু, ত্বরা, স্বর্ণ।

ঈড়া —স্তুতি, স্তব, প্রশংসা।

কীড়া—(দেং) পোকা, কীট, কৃমি।

চিড়া —(দেং) চিপিটক, ফাটা, ভাঙ্গা, পৃথুক।

ছিঁড়া —(দেং) ফাড়া, টুকরা কৃ।

নিড়া —(দেং) নিলান, ঘাস উখড়ান।

নিংড়া—(দেং) চিপন, রস বাহির কৃ।

পিড়া —[পিঁড়া] (দেং) বেদী, কাষ্ঠাসন, ঘরের বারেন্দা।

পীড়া —(দেং) রোগ, যন্ত্রণা, উচ্ছেদ, দয়া. কিরীট।

বিড়া —পোঁটলা, বেঁড়ুয়া, আটি, পানের খিলি।

ব্রীড়া —(দেং) লজ্জা, ত্রপা।

ভিঁড়া —(দেং) নিকটে গমন, নৌকা লাগান, সমষ্টি।

হিঁড়া —(দেং) বৃহৎ হাঁড়া, গাইট, কোলা।

হিজ্‌ড়া—(দেং) নপুংসক, খোজা।

ইড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অক্রীড়া —অনুপযুক্ত খেলা।

পিপীড়া—(পিঁপীড়া) [দেং] কীট বিশেষ, পিপীলিকা।

ইড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

অক্ষক্রীড়া —(দ্যুতক্রীড়া) [দেং] পাশা খেলা, জুয়া খেলা।

অগ্নিক্রীড়া —আতস বাজী, অগ্নি দ্বারা খেলা।

বপ্রক্রীড়া —শৃঙ্গ-দন্তাদি দ্বারা খনন, উৎখাত কেলি।

জলক্রীড়া —নদ্যাদিতে সমবয়স্কা সখা বা স্ত্রী গণের সহিত জলক্ষেপ রূপ ক্রীড়া, জলকেলি।

মল্লক্রীড়া —(দেং) কুস্তি, পাছাড় লাগন।

মর্ম্মপীড়া —(দেং) অন্তর বেদনা, আন্তরিক ক্লেশ।
শিরঃপীড়া —[দেং] মাথা বেদনা, মস্তকের রোগ বিং।
গ্রহপীড়া —গ্রহ প্রযুক্ত দুঃখ, গ্রহ বৈগুণ্য।
নিড়বিড়া —[নিড়বিড়্যা] (দেং) দীর্ঘসূত্রী।
বিড়বিড়া —[দেং] বক্ বক্ ক্র, অস্ফুট বাক্যকারী।

ইড়া—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

গুলিকাক্রীড়া—ক্রীড়া বিং, (playing with bat & ball)
চন্দনপিড়া —[দেং] চন্দন পাটা, চন্দন মাড়ার পাত্র।
উদরপীড়া —[দেং] আমাশয়, পেটের ব্যারাম।

উড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উড়া —[দেং] উড়িয়া যাওন, বায়ুপথে গমন, উড্ডয়ন।
কুড়া —[দেং] ভূমি পরিমাণ, বিঘা, জড়ান, সংগ্রহ ক্র।
কুঁড়া —[দেং] তুষ কণা, তুষের ক্ষুদ্রাংশ।
খুড়া —(দেং) পিতৃব্য, কাকা।
গুড়া —(দেং) পদাঘাত, জড়ান, কোঁকড়ান।
গুঁড়া —(দেং) চূর্ণ, পিষ্ট, ধূলা।
চূড়া —সংস্কার বিং, ময়ূর শিখা, মস্তক স্থিত মুকুটাদি, টিকি, শৃঙ্গ, উপরের ঘর, ঝুঁটি, কেশ।
জুড়া —[যুড়া] (দেং) ঠাণ্ডাক্র, শান্ত ক্র, ছায়া।
যুঁড়া —(নুড়া) (দেং) তৃণ সমষ্টি, খড়ের নুড়ি।
পুঁড়া —ধান্যের গোলা, তরকারী বিক্রেতা, নাকের মধ্যস্থল, গুদাম ঘর।

বুড়া —(দেং) বৃদ্ধ, প্রাচীন, স্থবির।

মুড়া —(দেং) মুণ্ডন, নৌকা ভিঁড়ান, মস্তকহীন বৃক্ষ, গুঁড়ি, শেষ, কিনারা।

কুড়্যা—[দেং] কার্য্যাক্ষম, অলস, কুষ্ঠ রোগী।

কুক্‌ড়া—[দেং] তাম্রচূড়, মুরগী।

উড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

দাগুড়া—[দেং] কর্কশ, আবুড় খাবুড়।

অচূড়া—[দেং] মন্দ শিখা, মন্দ টিকি।

জামুড়া—[দেং] মাংস স্ফীত হওন, রোগ বিং, কড়া।

মাসুড়া—[দেং] মাংস স্ফীত হওন, চক্ষের ছানি।

নিমুড়্যা—[দেং] মস্তকহীন, বন্ধুহীন, অনাথ বালক।

উড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

আঁটকুড়া—[দেং] অপুত্রক, সন্ততিহীন, নির্ব্বংশ।

শামকুড়া —(শামখুড়া) [দেং] পক্ষী বিশেষ।

পঞ্চচূড়া —অপ্সরা বিশেষ।

কৃষ্ণচূড়া —পুষ্প বিশেষ।

কপিচূড়া —আম্রাতক বৃক্ষ, আমড়া গাছ।

অবচূড়া —মালা, চূড়া।

বাতথুড়া —প্রচণ্ড ব্যাত্যা, বাত রোগ, সুন্দরী ললনা, বসন্ত রোগ বিং।

ভুড়ভুড়া —[দেং] ভুড়ভুড় শব্দ কৃ, বুদ্বুদ উঠন।

গোড়মুড়া—[দেং] পাদ মূল, গোড়ালি।

হাতিশুঁড়া—[দেং] হাতির শুণ্ডাকৃতি বৃক্ষ বিশেষ।
রামকুড়্যা—[দেং] কুটীর, কুঁড়ে ঘর, ক্ষুদ্রগৃহ।
হাসকুড়্যা—[দেং] হাসখোল, আমোদি।

উড়া—অন্ত।

শ্যামলচূড়া —গুঞ্জা, কুঁচ।
আবুড়াখাবুড়া—[দেং] বন্ধুর, অসমান।
এমুড়াওমুড়া —[দেং] এক সীমা হইতে অন্য সীমা।

এড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

এড়া —[দেং] ছেড়ে দেওয়া, ত্যাগ ক্র।
ক্ষ্বেড়া—বংশ শলাকা, জয়ধ্বনি, কোষাতকী, সিংহনাদ।
গেঁড়া—[দেং] গেঁটে, গেঁটিয়া, গিঁটযুক্ত, অপহরণ।
চেড়া—(দেং) রাগ জন্মান, ক্ষেপাণ।
ছেঁড়া—(দেং) ফাড়া, বিদীর্ণ।
টেড়া—(দেং) বক্র, বাঁকা।
ডেড়া—[দেড়া] (দেং) সার্দ্ধৈক, অর্দ্ধাধিক এক।
ঢেড়া—[ঢেঁড়া] ঢক্কা বাজান পূর্ব্বক ঘোষণা।
নেড়া—(দেং) মুণ্ডিত কেশ, সম্প্রদায় বিং, যবন, বামহস্তে কর্ম্মকারী, ঠুঁঠা গাছ।
নেংড়া—[নেঙড়া] (দেং) খঞ্জ, রজ্জু বিশেষ।
পেড়া—(দেং) পেষণ, মর্দ্দন, পীড়ন, মঞ্জুষা, ঝাঁপি।
পেঁড়া—(দেং) পেটারা, তুড়ুম।
বেড়া—তরণী, (দেং) বৃতি, ঘেরা, বেষ্টন, ভ্রমণ ক্র।

ভড়া —[ভেঁড়া, মেড়া] (দেং) নির্ব্বোধ ব্যক্তি, মেষ।
লেড়া —[নেড়া] (দেং) চুল হীন, জাতি বিশেষ।
নেড়্যা —(দেং) মুসলমান জাতি, হিন্দুর গালি বিশেষ।
খেঁচ্ড়া —(দেং) অশ্লীল, অধম, নীচ।

এড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কাণেড়া —[দেং] রাগিণী বিশেষ।
বেসেড়া —[দেং] বাসি, পর্য্যুসিত।
বহেড়া —[দেং] ফল বিশেষ, বয়ড়া।

এড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

লুম্বাভেড়া —[দেং] লম্বা লেজ যুক্ত ভেড়া।
গণ্ডলেড়া —[দেং] গণ্ডস্থল, কপোল।
পাতিনেড়্যা—[দেং] (তুচ্ছ শব্দজ) মুসলমান।
ভেড়েরভেড়্যা—(দেং) গালি বিং, বোকা।

ওড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ওড়া —[দেং] বায়ুভরে গমন ক্রি, উড্ডীয়মান, বৃক্ষ বিং
কোড়া—[কোঁড়া] (দেং) কুলি লোক, মজুর, কশা, চাবুক, মৃত্তিকা খনন ক্রিয়া, পাখী বিং।
খোঁড়া—[দেং] নেংড়া, পঙ্গু, খনন ক্রি।
গোড়া—[দেং] মূল, আদি, স্তম্ভ।
গোঁড়া—[দেং] স্তাবক, তোষামোদকারী, খোসামুদে।
ঘোড়া—[দেং] অশ্ব, তুরঙ্গ, হয়, ঘোটক।
ছোড়া—(দেং) ধনুক বা বন্দুক ছুটান।

ছোঁড়া—(দেং) বালক, ছোকরা।
যোড়া—(দেং) দম্পতী, মিলন, দুই, যুগ্ম।
ঝোড়া—(দেং) ডালি বিশেষ, গাছের ডাল কর্ত্তন।
ঢোঁড়া—(দেং) জলব্যাল, ডুণ্ডুভ, জল সর্প।
তোড়া—(দেং)থলিয়া,বল্লী,(যাং) ভাঙ্গন, বিনিময়।
থোড়া—(যাং) কিঞ্চিৎ, অল্প, অস্ত্রাদি দ্বারা কর্ত্তন।
নোড়া—(দেং) পেষণার্থ ব্যবহৃত প্রস্তর খণ্ড বিশেষ।
পোড়া—(দেং) কৃত দাহ, দগ্ধ, জ্বলিত।
ফোড়া—(দেং) ব্রণ বিশেষ, বিস্ফোট।
ফোঁড়া—ছিদ্রকরণ, বিন্ধনাস্ত্র।
বোড়া—(দেং) সর্প বিশেষ।
মোড়া—(দেং) বেত্র নির্ম্মিত আসন বিং, আবৃত, মোড় ঘুরাণ, পেঁচ দেওয়া, কর্ণাভরণ বিং।
রোড়া—[লোড়া] (দেং) শিলাপুত্র, পেষণ শিলা।
হোড়া—চৌর, তস্কর, দস্যু।

ওড়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আওড়া—[দেং] উচ্চারণ কৃ, আবৃত্তি কৃ।
কেওড়া—[দেং] বৃক্ষ বিং, আতর বিং।
তেওড়া—[দেং] খেসারি কলাই, বক্র, বাঁকা।
নেওড়া—[লেওড়া] (দেং) শিশ্ন, পুংচিহ্ন।
ফাওড়া—[ফাউড়ী] (দেং) কাষ্ঠ ফলক বিশেষ।
শেওড়া—[দেং] বৃক্ষ বিশেষ, শাখোট বৃক্ষ।

ওড়া—অন্ত। (৪) চতুরক্ষর।

হাতজোড়া—[দেং] হাত বদ্ধ থাকা, দুই হাত একত্র কৃ

পেটপোড়া—[দেং] গর্ভস্রাবের ঔষধ।

হুড়াপোড়া—[দেং] ভাজা কলাই আদি।

রোঁয়াফোড়া—[দেং] পশম উত্তোলন জন্য কৃত।

আঁতমোড়া—[দেং] বৃক্ষ বিশেষ।

আড়ামোড়া—[দেং] গাত্রভঙ্গ, শরীর ভঙ্গি, জৃম্ভণ।

ওড়া—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

আশশাওড়া—[দেং] বৃক্ষ বিশেষ।

চিঙ্গড়ীপোড়া—[দেং] দগ্ধ ইচা মাছ, শীতে কাতর হওয়া

ঔড়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চৌড়া—[দেং] প্রস্থ পরিমাণ, পরিসর, আয়ত।

দৌড়া—[দেং] দ্রুত গমন বিশেষ, ধাবমান।

অড়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কড়ি—[দেং] কপর্দ্দক, আড়কাঠ।

খড়ি—[খড়ী] খড়ী মাটী, ধবল মৃত্তিকা, জ্বালানি কাষ্ঠ

গড়ি—বৎসতর, বাছুর, অলস পশু (দেং) ঢেউ, ফোড়া

ঘড়ী—[দেং] সময় জ্ঞাপক যন্ত্র বিশেষ (যাং) একঘণ্টা

ছড়ী—[দেং] ক্ষুদ্র যষ্টি, সরু লাঠি।

ঝড়ি—[দেং] ঝটিকা, প্রবল বায়ু, বাত্যা।

দড়ী—[দেং] রজ্জু, গুণ।

ধড়ী—[দেং] প্রবঞ্চক, শঠ, ধূর্ত্ত।

নড়ী —[দেং] যষ্টি, লাঠি, অন্ত্যজ জাতি বিং।
বড়ী —[দেং] বটী, গুলি।
মড়ি —[দেং] মৃত দেহ, শব।
হড়ি —কাষ্ঠ যন্ত্র বিশেষ, হাড়ি কাষ্ঠ।

অড়ি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আঁকড়ি—(দেং) লতার আক্‌ড়ি বা আকর্ষণী।
আঁকড়ী—[আঁকরি] [দেং] হেট্‌কা বা ভিক্ষা কলাই।
পাকড়ী —[পাপড়ি] (দেং) ফুলের গুচ্ছ, পাবড়ী।
উখড়ী —[উকড়ী] (দেং) নারিকেল মালাদি নির্ম্মিত হাতারন্যায় তৈলাদি তুলিবার একপ্রকার যন্ত্র
আগড়ী —(দেং) আগামী, অগ্রবর্ত্তী।
পাগড়ী —(দেং) শিরোবেষ্টন বস্ত্র. উষ্ণীষ।
চিঙ্গড়ী —(দেং) মৎস্য বিশেষ, ইচা মাছ।
চেঙ্গড়ী —(দেং) বালিকা, ছুকরী।
গড়্‌গড়ী —গর্জ্জন, মেঘ গর্জ্জন।
খিচড়ী —(দেং) তণ্ডুল দাল মিশ্রিত পক্কান্ন, খেচারান্ন
ছেঁচড়ী —(দেং) দুষ্টা, অবধ্যা স্ত্রী।
চড়্‌চড়ী —জোরে শব্দকরণ, তরকারী বিশেষ।
পাছড়ী —[দেং] চাউল ছাঁটন, গাত্রাবরণ বস্ত্র বিশেষ।
আঁতড়ী —[দেং] নাড়ীভুঁড়ি, পেট।
শীতড়ী —[দেং] শীত বস্ত্র, ব্রণ বিশেষ।
হাতুড়ী —[দেং] লৌহ মুদ্গার বিশেষ, আঘাত যন্ত্র।

গুদড়ী —(গুধড়ী) [দেং] কম্বল, ময়লা বিছানা, কন্থা।
প্যাঁদড়ী—[দেং] রস বহির্গমন, ময়লাযুক্ত, ক্লেদ।
চুপড়ী —[দেং] ক্ষুদ্র করণ্ডিকা, টুকরী, ঝাঁকা।
ঝুপড়ী —[ঝোপড়ী] (দেং) ক্ষুদ্র গৃহ, কুটীর।
তুবড়ী —[দেং] সাপুড়িয়ার বাঁশী, বাজি বিং, ফুলঝড়ি
দামড়ী —[দেং] পাঁচগণ্ডা, বকনা বাছুর।
ধুগড়ী —[দেং] বৈষ্ণবী, উপপত্নী, স্থূল কায়া।
মামড়ী —[দেং] নাসিকামল, ক্ষত রোগের শুষ্কচর্ম্ম।
ডোরড়ী —[দেং] বৃহতী বৃক্ষ, ব্যাকুড় গাছ।
ভুসড়ি —[দেং] কাঁঠালের ভোঁতনা, গালি বিশেষ।
শড়্শড়ি—(সড়্সড়ি)[দেং]ভাজা অথচ সরস ব্যঞ্জন বিং

অড়ি—অন্ত। [৪] চতুরক্ষর।

হাতকড়ী —[দেং] হস্ত বন্ধনার্থ শৃঙ্খল বিশেষ।
কড়াকড়ি—[দেং] পর্ব্ব বিশেষ, ঋতুপূজা।
কাটখড়ী —[দেং] কঠিন খড়িকা বিশেষ।
রামখড়ী —[ফুলখড়ী] (দেং) কঠিনী, পাথুরে খড়ী।
গড়াগড়ি —[দেং] ভূমিতে লুণ্ঠন।
চড়াচড়ি —[দেং] পরস্পর চপেটাঘাত ও ঘাড়ে চড়া
ছড়াছড়ি—[দেং] বিস্তার কৃ, ছড়ান।
জড়াজড়ি—[দেং] পরস্পর আক্রমণ।
শলিদড়ী —[দেং] যোয়ালি বন্ধন রজ্জু।
জড়িবড়ি —[দেং] ঔষধ বিশেষ, শিকড় বিশেষ।

নীলবড়ি —[দেং] নীলের গুঁটি।

ফুলবড়ি —[দেং] ক্ষুদ্র বড়া বিশেষ।

খুনসড়ি —[দেং] গৃহ বিবাদ, বালকের বিবাদ।

আড়ি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

এলাচীকড়ি —[দেং] কাল দাগ যুক্ত কড়ি।

কড়াবিকড়ি —[দেং] কোন্দল, হাতাহাতি।

কুমড়াগড়ি —[দেং] মোটা ধান বিশেষ।

গল্লাচিঙ্গড়ী —(দেং) বড় জাতীয় ইচা মাছ।

পোঁদছেঁচড়ি—[দেং] মাটীতে পাছা ঘর্ষণ ক্র।

আড়ি—অন্ত। (৬) ষড়ক্ষর।

আঁকড়াআঁকড়ী—[দেং] ধরাধরি, টানাটানি।

কুঁকড়ীমুকড়ী —[কুঁকড়ীসুকড়ী] (দেং) জড়সড় হওয়া। শীতে কাতর হওয়া।

বিগড়াবিগড়ি —(দেং) পরস্পর বিচ্ছেদ।

আঁচড়াআঁচড়ি—(দেং) দাগাদাগি, বিদীর্ণ ক্র।

আছড়াআছড়ি—(দেং) উত্তোলন নিক্ষেপ, জোরে ক্ষেপণ

পাছড়াপাছড়ি —(দেং) যোদ্ধাদের হাতাহাতি।

কুজড়াকুজড়ি —[দেং] পাইজামী, নষ্টামী।

নাদড়িভুঁদড়ি —[দেং] নাড়ীভুঁড়ি।

কামড়াকামড়ি —[দেং] পরস্পর দন্তাঘাত ক্র।

আড়ি—অন্ত। [২] দ্ব্যক্ষর।

আড়ি —পক্ষী বিং, শরালি পক্ষী। [দেং] আইড় মাছ,

পণ, প্রতিজ্ঞা, হিংসা, ভয়, ওজন বিং, ক্রোধ।

আঁড়ি —(এঁড়ে) [দেং] সন্তানের কৃশতা বিশেষ।

কাঁড়ি —[দেং] রাশি, ঢিপী, তাল কাঠের আড়, ধনুক ধারী, শিকারী, কাষ্ঠ।

খাড়ি —(খাঁড়ি) [দেং] প্রবেশ পথ, খাল, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বিং, ভাজা চাউলের ঝাঞ্জানি।

গাড়ী —[দেং] রথ, শকট, গর্ত্ত।

গাঁড়ী —[দেং] পুং চিহ্ন, ক্ষুদ্র রন্ধ্র।

চাড়ী —[দেং] গরুর আহার্য্য দ্রব্য রক্ষার্থে পাত্র, উত্তোলন দণ্ড, মাটির বৃহৎ পাত্র।

জাড়ী —[দেং] ঔষধ বিং, ঠাণ্ডা, শীতকাল, মিশ্রিত।

ঝাড়ী —[দেং] ক্ষুদ্র বন, গুল্ম যুক্ত।

ডাঁড়ী —(দাঁড়ী) [দেং] দাঁড় বাহক, জালিয়া, অনভিজ্ঞ লোক, নিক্তির ডাঁড়া, কথার বিচ্ছেদ সূচক চিহ্ন, কাষ্ঠ ছেদক।

তাড়ি —(তাড়ী) [দেং] তালরস, তাড়িয়াত গাছ, বৃক্ষবিং, আভরণ বিং, ক্ষুদ্র তৈলাধার বিং।

দাড়ি —[দেং] শ্মশ্রু, ওষ্ঠের অধোভাগ।

ধাড়ী —[দেং] বহু প্রসূতা জন্তু, প্রধান, মুখ্য।

ধ্রাড়ি —[দেং] পুষ্প সমূহ।

নাড়ি —(নাড়ী) (দেং) ডাঁটা, গণ্ডদূর্ব্বা, ২৪ মিনিট, নালী বা, শরীরের শীরা, ধাতু।

ফাঁড়ী —(দেং) পুলিশ আড্ডা।

বাড়ি —[দেং] উন্নতি, বৃদ্ধি, বিস্তর, সংশোধন, প্রহার, গৃহ

বাড়ী —[দেং] বৃদ্ধি করণ, বাটী, গৃহ।

ব্যাড়ী —প্রসিদ্ধ ব্যাকরণ কর্ত্তা-মুনি বিশেষ।

ভাঁড়ী —[দেং] নাপিতের তোপ্‌ড়া, ছুরি আদির খাপ।

মাড়ি —[দেং] মাঢ়িয়া, দন্তমূল, দন্ত মূলের উপরিভাগ, নিংড়ান রস। [ধা] (মাঁড়ি) স্তব করা।

রাঁড়ী —[দেং] বিধবা, অনাথা।

শাড়ী —[দেং] স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বিং।

হাড়ি —[দেং] হাইড়, মেথর, কাষ্ঠ যন্ত্র বিং, ঝাড়ু কস।

হাঁড়ি —[দেং] মৃত্তিকা পাত্র বিশেষ।

আড়ি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

খোঁয়াড়ি —[দেং] পশ্বাদি রক্ষার স্থান, মদের নেশা ।

আগাড়ী—[দেং] অগ্রিম, অগ্রভাগ।

তাগাড়ী —(তাগারি) [দেং] গাম্‌লা, আধার বিশেষ।

গেঁঙ্গাড়ী —[দেং] ঘেঙ্গানী, অব্যক্ত শব্দ বিং।

গোচাড়ি—[দেং] গরু থাকার জন্য বিস্তৃত তৃণ।

চেচাড়ী —[দেং] বাঁশের প্রস্তুতী চাঁইচ বিং।

নাচাড়ী —[দেং] গানের ধুয়া বিশেষ।

পচাড়ি —[দেং] পাচড়া, চুলকণা।

পিছাড়ী—[দেং] পশ্চাৎ দিক্, ঘোড়ার পশ্চাৎ পাদ বন্ধন রজ্জু, পিছন, পরে।

বাছাড়ি —[দেং] সেরের নিম্ন ওজনের বাটখারা।
নিঝাড়ী —[দেং] সম্পূর্ণরূপে পরিস্কার ক্র,খালি করা।
নেতাড়ী —[দেং] অসম্পূর্ণ কাজ,অর্দ্ধ শ্লোক,অর্দ্ধকবিতা
আধাড়ী—[বাধাড়ী] (দেং) চামারের চামছিদ্রাস্ত্র বিং।
অনাড়ী —[আনাড়ি, আনাড়ী] (দেং) জড়, অজ্ঞান, মূর্খ
চৌপাড়ী—[চৌবাড়ী] (দেং) ৪ বেদাধ্যয়নের স্থান,টোল
নবাড়ী —[দেং] বৃক্ষ বিশেষ।
শরাড়ী —শরালি পাখী।

আড়ি—অন্ত। [৪] চতুরক্ষর।

আড়াআড়ি—[দেং] কলহ, বিবাদ, দ্বন্দ্ব।
কাড়াকাড়ি —[দেং] পরস্পর জোর পূর্ব্বক লওয়ার চেষ্টা
ছাড়াছাড়ি —[দেং] পৃথক্, পরস্পর তফাৎ।
তাড়াতাড়ি—[দেং] শীঘ্র, সত্বর।
নাড়ানাড়ি —[দেং] পরস্পর সরাণ, ঘাঁটন।
বাটপাড়ি —[দেং] প্রবঞ্চনা, জুয়াচুরি।
পাড়াপাড়ি—[দেং] মল্লযুদ্ধ বিশেষ।
কাঠাবাড়ি —[দেং] গজ বিং, ৬ ফুট লম্বা দাঁড়া।
গাঁতাবাড়ি —[দেং] দস্যু দল একত্র করণ।
দানবাড়ি —[দেং] দান করার স্থান।
বাড়াবাড়ি —[দেং] দীর্ঘসূত্রতা, স্বাধীনতা, অত্যধিক।
লাড়ালাড়ি —[দেং] পরস্পর ঝাঁকাঝাঁকি।
ভাঁড়াভাঁড়ি —[দেং] ঠকাঠকি, পরস্পর প্রতারণা।

আড়ি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

কাড়াবিকাড়ি —[কাড়াকাড়ি] (দেং) মল্ল যুদ্ধ বিশেষ।
কৈশিকনাড়ী —কেশের ন্যায় সূক্ষ্ম নাড়ী।
উদরনাড়ী —[দেং] নাড়ীভুঁড়ি, আঁতড়ী।
উকুণবাড়ি —[দেং]ফাউড়ী,ধান্যসংগ্রহের কাষ্ঠফলক
নাদনবাড়ি —[দেং] হাতুড়ী,মাটী পেষণাস্ত্র,লাঠি বিং
পাঁচনবাড়ি —[দেং] ছড়ি, গোতাড়ন দণ্ড।
মটরাশাড়ী —[দেং] রেশমী কুর্ত্তি বিশেষ।

আড়ি—অন্ত। (৬) ষড়ক্ষর।

আগাড়িপিছাড়ি —[দেং] অগ্র পশ্চাৎ, অশ্ব বন্ধন রজ্জু
আছাড়িপিছাড়ি —[দেং] আস্ফালন ক্র, ধড়ফড় করণ।

ইড়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

পীঁড়ি —(পিঁড়ী) [দেং] বেদী, কাষ্ঠাসন।
বিড়ী —[দেং] পানের খিলি-বিড়া।
শিড়ী —[দেং] পৈঠা, ঘরের কাষ্ঠ পৈ, থাম বিং।
সিঁড়ী —[দেং] সোপান, তীর্থ, ধাপ পঁইঠা।

ইড়ি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

চিন্তিড়ী —(তিন্তিড়ী) তেঁতুল, অম্লরস, তেঁতুল গাছ।

ইড়ি—অন্ত। (৪) চতুরক্ষর।

ব্যাসপিঁড়ী—[দং] পুরাণ কথকের বেদী, ক্ষুদ্রাসন।
কিড়মিড়ি —[দেং] দন্ত ঘর্ষণ শব্দ, অব্যক্ত ধ্বনি।
তিড়িংবিড়িং-[দেং] শীঘ্র লাফান,ক্রোধে উত্তেজিত হওন

উড়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উড়ী —[দেং] ধান্য বিশেষ, উড়ুক ধান।
কুড়ি —২০ সংখ্যা, বিশ, কুষ্ঠ, কোরক, কলিকা, দেহ
কুঁড়ি —(কুঁড়ী) [দেং] কোরক, কলিকা, মুকুল, কুণ্ড।
খুড়ী —[দেং] পিতৃব্য পত্নী, কাকী।
গুড়ি —[দেং] পদাঘাত ক্রু, হেট হওন, আনম্র, বিনত।
গুঁড়ি —[দেং] তণ্ডুলাদি চূর্ণ, বৃক্ষ স্কন্ধ, গাছের গুঁড়ি।
ঘুড়ী —[দেং] ঘোটকী, পতাকা, ঘুড্ডী।
চুড়ী —(চূড়ী) [দেং] স্ত্রীলোক দিগের হস্তাভরণ বিং
ছুঁড়ী —[দেং] বালিকা, নবযৌবনা।
যুড়ি —[দেং] একজোড়া, তুইটা, মন্দিরা।
জুঁড়ি —(দেং) নীল বৃক্ষের ত্যাজ্য শিটী।
ঝুড়ি —[দেং] বংশাদি নির্ম্মিত পাত্র, চুপড়ী।
তুড়ী —[দেং] অঙ্গুলি স্ফোটন, অঙ্গুলি দ্বয়ের শব্দ ক্রু।
নুড়ী —[দেং] ক্ষুদ্র প্রস্তর খণ্ড, পোঁটলা, কঙ্কর।
পুড়ি —[দেং] রৌদ্রে পোড়া, আক বিশেষ।
বুড়ি —(বুড়ী) [দেং] বৃদ্ধা, বৃক্ষ বিং, জলডুবি, ৫ গণ্ডা।
ভুঁড়ী —[দেং] বৃহৎ উদর, বড় পেট।
মুড়ী —[দেং] আদ্যন্ত, হুড়ুম, ছাগাদির ছিন্ন মস্তক।
লুড়ী —[দেং] চিঠী খেলার পোঁট্‌লা বিশেষ, ক্ষুদ্র শিলা।
শুড়ী —[দেং] ছোট রাস্তা, অল্প, খাট।
সুড়ি —[দেং] অপ্রশস্ত পথ, গলী পথ, ক্ষুদ্র, নিম্ন।

শুঁড়ী —[দেং] মদ্য বিক্রেতা, জাতি বিশেষ।
গুদড়ী—(গুধড়ী) [যাং] কন্থা, ছিন্ন বস্ত্র খণ্ড।
ঝুপ্‌ড়ী-[দেং] ক্ষুদ্র গৃহ, কুটীর।
তুব্‌ড়ী--[দেং] সাপুড়িয়ার বাঁশী, বাজি বিশেষ।
ধুম্‌ড়ী—[দেং] ঢেমনী, বৈষ্ণবী।

উড়ি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

তিউড়ী —[দেং] উনান, চুলা, আকা, লতা বিং।
দেউড়ী —[দেং] দৌবারিক স্থান, বহির্দ্বার।
কাউড়ী —[দেং] ধান্যাদি সংগ্রহার্থ কাষ্ঠ ফলক।
রেউড়ী —[দেং] মিষ্টান্ন, খাদ্য দ্রব্য বিশেষ।
ফেকুড়ী —(ফেঁকড়ি) [দেং] পল্লব, শাখা।
থুৎকুড়ী —[দেং] থুথু, নিষ্ঠীবন।
ফুস্কুড়ী —[দেং] ক্ষুদ্র ব্রণ বিং, বিস্ফোট।
আগুড়ী —[দেং] আগামী, অগ্রিম।
পাগুড়ী —[দেং] শিরোবেষ্টন, উষ্ণীষ।
পাছুড়ী —[দেং] দোপাট্টা, গাত্র বস্ত্র বিশেষ।
হাতুড়ি —[দেং] লৌহ মুদ্গর বিশেষ।
ঘুনুড়ি —(ঘুনরড়ী) [দেং] ঘণ্টা সংলগ্ন নুড়ী, আলজিব।
দুমুড়ি —[দোমড়ি] (দেং) দুই মাথা, উভয় মাথা।
শাশুড়ী —(দেং) শ্বশুরের স্ত্রী, ভার্য্যার বা পতির মাতা
সুড়্‌সুড়ি—[দেং] স্পর্শ বোধ বিং।
দেহুড়ি —[দেং] বারেন্দা, দালান, সদর দরজা।

উড়ি—অন্ত। (৪) চতুরক্ষর।

চুগকুড়ি —[দেং] দুই ওষ্ঠে চিপা দিয়া শব্দ ক্র।
হাঁড়িকুড়ি —[দেং] কলসী ও অন্যান্য বাসনাদি।
পাতকুঁড়ি —[দেং] চারা গাছের কলি বিশেষ।
হামাগুড়ি —[দেং. হাতেপায়ে চলন, হামা দিয়া চলন
গুড়গুড়ি —[দেং] প্রসিদ্ধ হুঁকা বিশেষ।
গোড়াগুড়ি —(দেং)মূল হইতে, সম্পূর্ণ,আদ্যন্ত,মোটামুটী
গুড়িগুড়ি —[দেং] পায় ২ যাওন, ঝুঁকিয়া গমন ক্র।
বাওন্দুড়ি —[দেং] ঘূর্ণা বায়ু, প্রবল বাত্যা।
ভুড়ভুড়ি —[দেং] ফেনা উঠন, বুদ্বুদ উঠা।
নাড়িভুড়ি —[দেং] শরীরস্থ তন্ত্রী ও ভুঁড়ি।
গুড়মুড়ি —[দেং] চাউল ভাজা ও গুড়।
মুড়ামুড়ি —[দেং] ক্রমাগত,আদ্যন্ত,১মাবধিশেষ পর্য্যন্ত
আড়িমুড়ি —[দেং] গাত্র বিস্তার ক্র, জৃম্ভণ।
মুড়িমুড়ি —[দেং] পাথরাদি, জড়িমড়ি, পোঁটলী হওন
হুড়হুড়ি —[দেং] জনতার শব্দ, মেঘের ডাক, কলহ
হুড়াহুড়ি —[দেং]ঠেলাঠেলি,মারামারি,পাছড়াপাছড়ি
জটিয়াবুড়ী —[দেং] উস্কা ফুস্কা চুল যুক্ত বৃদ্ধাস্ত্রী।

এড়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খেড়ি —[দেং] বেঁট্যা, খাট,পাতলা, খড়যুক্ত, আক বিং
গেঁড়ি —[দেং] গুগ্‌লি, শামুক, পদ্মের মূল।
চেড়ী —দাসী, উপনায়িকা।

টেড়ী —(তেড়ী) [দেং] তেড়্ছা, চুল বিন্যাস বিশেষ।
ডেড়ী —[দেং] দেড়গুণ, অপ্রতুল, অভাব, পীড়া।
ঢেঁড়ী —[দেং] ফুল বিং, কর্ণাভরণ বিশেষ।
দেড়ী —[দেং] অর্দ্ধ প্রস্তুতান্ন, বাইড়া বিশেষ।
ধেঁড়ি —[দেং] স্ত্রীলোকের কর্ণাভরণ বিশেষ।
নেড়ী —[দে] সম্প্রদায় বিশেষ, ছদ্ম বৈষ্ণবী।
বেড়ী —[দেং] জিঞ্জির, চিম্‌টা, বাউলী, নিগড়।
ভেড়ী —(মেড়ী) [দেং] আলি, স্ত্রী ভেড়া, ভেড় যুক্ত।
রেড়ী —শস্য বিং, মসিনা।

ওড়ি—অন্ত।

ঘোড়ি —[দেং] ঘোটকী।
রাগটোড়ি —[দেং] রাগিণী বিশেষ।

ঔড়ি—অন্ত। [২] দ্ব্যক্ষর।

কৌড়ী—(দেং) কড়ি, কপর্দ্দক।
পৌড়ী—(দেং) পশ্চিমা স্ত্রীলোকের পাদাভরণ।

ঔড়ি—অন্ত। (৪) চতুরক্ষর।

পানীকৌড়ী —(পানকৌড়ী)[দেং] জলচর পক্ষী বিং।
দৌড়াদৌড়ি —[দেং] দ্রুতবেগে গমন, ছুটাছুটি, গমন।

অড়ু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খড়ু —মৃত শয্যা, মড়ার খাট।
গড়ু —পৃষ্ঠ গুড় নামক রোগ, গলগণ্ড, কুব্জ, কেঁচো।
বড়ু —[দেং] দেবল ব্রাহ্মণ, পরিচারক।

অড়ু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

দোর্গড়ু —বক্র হস্ত, বাঁকা হাত, কুঁপো।

অন্তর্গড়ু —বৃথা, নিরর্থক, মিছামিছি।

আড়ু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আড়ু —উড়ুপ, ভেলা।

খাড়ু —[দেং] স্ত্রীলোকের হস্তের অলঙ্কার বিশেষ।

গাড়ু —ঝারি, জলপাত্র বিশেষ, গলগণ্ড রোগ।

ঝাড়ু —[যাং] সম্মার্জ্জনি, ঝাঁটা।

তাড়ু —কাষ্ঠ নির্ম্মিত দর্ব্বী, উখড়ী।

নাড়ু —[লাড়ু] (দেং) মিষ্ট গোলাকার খাদ্যদ্রব্য বিং

আড়ু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

গাঁজাড়ু —[দেং] গাঁজাখোর, সিদ্ধিখোর।

খেলাড়ু —[দেং] খেলোয়াড়, যে ভাল খেলিতে পারে

আড়ুমাড়ু—[দেং] বমনোপক্রম, অন্ত্রপাক, পেটের বেদনা

উড়ু এড়ু, ওড়ু—অন্ত।

উড়ু —নক্ষত্র, তারা, জল।

উড়ুউড়ু —[দেং] উড়নের চেষ্টা, মনের উদ্বেগ, অস্থির।

গেঁড়ু —[দেং] খেলার লাটীম, মূল বিং।

গোড়ু —নাভি দেশ বর্দ্ধিত মাংস, গোঁড়ু।

অড়ে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কড়ে —[দেং] বালক, ছোট, ক্ষুদ্র।

গড়ে —[দেং] অলস, মোটামুটী, ক্ষুদ্র-পুষ্করিণী, একত্রে।

আড়ে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আড়ে—[দেং] আড়ালে, ওতে, বাঁকা ভাবে, প্রস্থে।

সাড়ে—[দেং] অর্দ্ধের সহিত।

আড়ে—অন্ত। (৪) চতুরক্ষর।

আড়েআড়ে—[দেং] আড়ালে ২, সোজাসুজী।

যোড়েতোড়ে—(যোড়েযাড়ে) [দেং] যোগেযাগে।

উড়ে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উড়ে—উড়িষ্যা দেশবাসী।

কুড়ে—অলস, কুষ্ঠরোগী, কুটে।

কুঁড়ে—[দেং] অলস, ক্ষুদ্র তৃণগৃহ।

এড়ে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ডেঁড়ে—(দেং) অনর্থক দণ্ড।

ধেড়ে—(দেং) ধীবর, জলজন্তু বিং, উদ্বিড়াল।

নেড়ে—(দেং) মুসলমান, কেশ হীন মস্তক।

বেড়ে—(দেং) উপাদেয়, উৎকৃষ্ট, উত্তম।

বেঁড়ে—(দেং) লাঙ্গুল রহিত, পুচ্ছহীন।

ভেড়ে—(দেং) কোটনা, ভেড়ুয়া।

হেঁড়ে—(দেং) বৃহৎ, বড়।

আঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গাঢ় —অতিশয়, অতিরিক্ত, দৃঢ়, প্রগাঢ়,গভীর, ভারী, ঘন, তরল নয়, সেবিত, অবগাঢ়, সদৃঢ়।

বাঢ় —সত্য, প্রতিজ্ঞা,কঠিন,স্বীকার, হাঁ, অধিক, দৃঢ়।

রাঢ় —দেশ বিং, সৌন্দর্য্য, আভা, লাবণ্য, কান্তি।

আঢ়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

প্রগাঢ় —অতিশয়,অধিক,দৃঢ়,কৃচ্ছ্র,কঠিন,নিবিড়,কষ্ট।

বিগাঢ় —মগ্ন, স্নাত, প্রৌঢ়, প্রবৃদ্ধ, কঠিন, ঘন।

উদ্গাঢ় —অতিশয়, অধিক, অত্যন্ত।

আষাঢ় —(আশাঢ়) মাস বিং, ব্রহ্মচারি ধার্য্য পলাশ কাষ্ঠের দণ্ড, নক্ষত্র বিং, মলয় পর্ব্বত।

আঢ়—অন্ত। (৪) চতুরক্ষর।

অবগাঢ় —নত, নিম্ন, নিমগ্ন, অতিরিক্ত, নিবিড়,স্নাত।

খরপানাঢ়—কপিত্থ বৃক্ষ।

ইঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দৃঢ় —অতিশয় কঠিন, অচল, স্থির,সমর্থ,গাঢ়,বলবান লৌহ, ে প্য ভেদ ও এক প্রকার রূপা, স্থুল।

মীঢ় —মূত্রিত, কৃচ্ছ প্রস্রাব।

লীঢ় —লেহন করা, চাটা, ভক্ষিত, আস্বাদিত, স্পষ্ট।

ইঢ়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

সুদৃঢ় —অতিশয় দৃঢ়, বড় কঠিন।

প্রমীঢ় —ঘন,নিবিড়, প্রমেহ বিশিষ্ট,যার প্রমেহ আছে

আলীঢ়—ভক্ষিত, স্বাদিত, চাটা, অস্ত্রক্ষত, উপবেশন বিং

ইঢ়—অন্ত। (৪) চতুরক্ষর।

পরিবূঢ় —অধিপতি, স্বামী, প্রভু।

অজমীঢ় —যুধিষ্ঠির, আজমীর দেশ, অজমিত্র।

প্রত্যালীঢ়-ধনুর্দ্ধারী দিগের পাদ সংস্থানবিং, বাণনিক্ষেপ সময়ে উপবেশন বিং, আস্বাদিত, ভুক্ত।

অবলীঢ় —ভক্ষিত, আস্বাদিত, চাটিত।

উঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঊঢ় —বিবাহিত, বহনীয়, ধৃত, অঙ্গীকৃত, কৃতদার।

গূঢ় —অন্তরিত, প্রচ্ছন্ন, গুপ্ত, সংবৃত, অজ্ঞান, অপ্রাকাশিত, নিগূঢ়, গহন, রহঃ, গুহ্য, রহস্য।

বূঢ় —[ব্যূঢ়] প্রশস্ত, বিপুল, প্রসারিত, সংহত, স্ফীত, বিবাহিত, স্থূল, তুল্য, উত্তম, চৌড়া, দৃঢ়।

মূঢ় —মূর্খ, অজ্ঞান, নির্ব্বিবেক, অসভ্য, অনভিজ্ঞ, জড়, বালক, ভ্রান্ত, অব্যাপৃত, অলস, তন্দ্রাযুক্ত।

রূঢ় —নীরস, কঠিন, শক্ত।

রূঢ় —জাত, খ্যাত, উৎপন্ন, প্রসিদ্ধ, ব্যুৎপত্তি লভ্য মূল শব্দ। (দেং) পরুষ, অপ্রিয়, কর্কশ।

উঢ়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অগূঢ় —অগুপ্ত, প্রকাশিত।

নিগূঢ় -আলিঙ্গিত, গুপ্ত, অপ্রকাশিত, দুর্ব্বোধ, আচ্ছাদিত

বিগূঢ় —গুপ্ত, নিন্দিত, গর্হিত।

সঙ্গূঢ় --আচ্ছাদিত,লুক্কায়িত,রাশীকৃত,সঙ্কলিত,সংবৃত
নির্গূঢ় --বৃক্ষ কোটর, তরু কন্দর।
উদূঢ় --ধৃত, বিবাহিত, ঊঢ়, স্থূল,উন্নত, অতিরিক্ত।
অধ্যূঢ় —বৃদ্ধিশীল, উন্নত, অতিরিক্ত, মহাদেব, ধরণী।
অনূঢ় —অবিবাহিত।
নিব্যূঢ় —অভিনিবেশ, নিরন্তর চেষ্টা।
নির্ব্যূঢ় —নিশ্চিত, প্রমাণ দ্বারা নির্ণীত, সম্যক,সমাপ্ত, ত্যক্ত, পর্য্যাপ্ত, কঠোর, শেষ, বিবর্জ্জিত।
অমূঢ় --(দেং) অসম্পূর্ণ জ্ঞান যুক্ত, মূঢ় নয়।
বিমূঢ় —অজ্ঞান, মূর্খ, ইতি কর্ত্তব্যতা জ্ঞান শূন্য।
সমূঢ় —রাশীকৃত, পুঞ্জীকৃত,পুঞ্জিত, সংগৃহীত,সঞ্চিত, বক্রীকৃত, সদ্যোজাত,দমিত, বিবাহিত, পরিস্কৃত, সঙ্গত, শোধিত, সংশ্রবাগত, ভুগ্ন।
সম্মূঢ় —রাশীকৃত, শীঘ্রজাত,নির্ব্বোধ, অজ্ঞান,মুগ্ধ,ভগ্ন
আরূঢ় —যে আরোহণ করিয়াছে, উচ্চস্থান গত।
নিরূঢ় —উৎপন্ন, আনুষঙ্গিক,প্রসিদ্ধ,সমবেত, প্রচলিত, রূঢ়িলক্ষণাদ্বারা অর্থ প্রতিপাদক.অবিবাহিত।
প্ররূঢ় —জাত,প্রবৃদ্ধ,বর্দ্ধনশীল,বদ্ধমূল,অঙ্কুরিত,উদর।
বিরূঢ় —উৎপন্ন,জাত,অঙ্কুরিত,বদ্ধমূল,গভীররূপেনিমগ্ন
সংরূঢ় —উৎপন্ন, জাত, অঙ্কুরিত, প্রবৃত্ত, প্রেরিত।

উঢ়—অন্ত। (৪) চতুরক্ষর।

মন্ত্রগূঢ় —চর, গূঢ় দূত।

উপগূঢ় —আলিঙ্গিত,সম্বরণ,আলিঙ্গন,গ্রহণ, গোপন।

আইবুঢ় —(দং) অবিবাহিত-যার বিবাহ হয় নাই।

অতিমূঢ় —(দেং) অত্যন্ত অনভিজ্ঞ, বোধ শূন্য।

যোগরূঢ় —অবয়ব শক্তি ও অর্থ শক্তি দ্বারা অর্থ বোধ, যৌগিক অথচ রূঢ় শব্দ।

যোগারূঢ় —(দেং) পৃথক ভাবে অবস্থিতি, যোগী।

খট্টারূঢ় —(খট্বারূঢ়) খট্বায় শায়িত, অলস, লম্পট।

উষ্ট্রারূঢ় —(দেং) উট সোয়ার, উটে চড়া।

অত্যারূঢ় —অতি বৃদ্ধি, প্রবৃদ্ধ, বর্দ্ধিত।

অধিরূঢ় —(উপারূঢ়) প্রাপ্ত, আরূঢ়, আরোপিত।

অধ্যারূঢ় —(সমারূঢ়) কৃতারোহণ, অত্যন্ত, অধিক।

অবরূঢ় —অবতীর্ণ।

অশ্বারূঢ় —(দেং) ঘোড়ায় চড়া, ঘোড়সওয়ার।

উঢ়—অন্ত। ষড়ক্ষর।

অশ্বতরারূঢ় —(দেং) খচ্চরে চড়া, গর্দ্দভে আরোহণ

উঢ়—অন্ত। (৭) সপ্তাক্ষর।

কিঙ্কর্ত্তব্যবিমূঢ়—কর্ত্তব্য অবধারণে অসমর্থ।

এঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

হেঢ়—(ধা) উৎপন্ন হওয়া।

ওঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

সোঢ় —যাহা সহ্য করা হইয়াছে, সহ্যকারক, ধীর।

হোঢ় —নৌকা বিং, হুড়ী নৌকা, লোপ্ত্র, চোরিত দ্রব্য

ওঢ়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অপোঢ় —অতিক্রান্ত, উদ্ঘাটিত, ভীত, নির্ণীত, ত্যক্ত, তর্কাদি দ্বারা নিরস্ত, বাধিত।

ব্যপোঢ় —বিপরীত, ঘূর্ণিত, তাড়িত।

সহোঢ় —পুত্র বিং, অপহৃত দ্রব্যের সহিত ধৃত চোর।

ওঢ়—অন্ত। (৪) চতুরক্ষর।

সমুপোঢ়—দান্ত, দমিত, আটক করা, চাপিয়া রাখা, সমাসন্ন, সমুদিত, সঙ্গত, সঞ্জাত।

ঔঢ়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

প্রৌঢ়—বিবাহিত, যৌবনাবস্থার পরবর্ত্তী অবস্থা প্রাপ্তী, দক্ষ, নিপুণ, প্রচুর, প্রগল্‌ভ, প্রবৃদ্ধ, প্রবীণ, অঙ্গীকৃত, যৌবনের পর বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থা।

ঔঢ়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

উপৌঢ়—বিবাহিত, শ্রেণীবদ্ধ, নিকট, আসন্ন, ব্যূহ।

অপ্রৌঢ়—ভীত স্বভাব, শান্ত, অপরিপক্কাবস্থ।

আঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গাঢ়া—(দেং) গর্ত্ত, খাল, অরণ্য, পুকু।

দাঢ়া—দংষ্ট্রা, বড় দাঁত, সমূহ, প্রার্থনা।

আঢ়া—অন্ত।

আষাঢ়া —নক্ষত্র বিং (পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া)

পূর্ব্বাষাঢ়া —২৭ নক্ষত্রান্তর্গত বিংশ নক্ষত্র।

উত্তরাষাঢ়া—২৭ নক্ষত্রান্তর্গত একবিংশ নক্ষত্র।

ইঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

রীঢ়া —অবজ্ঞা, অসম্মান, অনাদর, ঘৃণা।

উঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উঢ়া —(দেং) বিবাহিতা নারী।

উঢ়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অধ্যূঢ়া —যে স্ত্রীর পতি পুনর্ব্বার বিবাহ করে।

অনূঢ়া —(দেং) অবিবাহিতা নারী, কন্যা, কুমারী।

দ্বিরূঢ়া —দুইবার বিবাহিতা স্ত্রী, পুনর্ভূ।

নিরূঢ়া —রূঢ়ি হেতুক লক্ষণা।

এঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

মেঢ়া —(দেং) ভেড়া, ভেড়ী।

ওঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বোঢ়া—মুটিয়া, বহন কর্ত্তা, সারথি, বৃষভ, পথ দর্শক, বিবাহ কর্ত্তা, মূর্খ, সূত, ঋষভ।

ষোঢ়া—ছয়বার, ছয়প্রকার, ষট্‌বিধ।

সোঢ়া—যাহা সহ্য করা হইয়াছে, ধীর, সহ্যকারক, সমর্থ

ওঢ়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নবোঢ়া —নববিবাহিতা, নায়িকা বিং, যথা-(রসমঞ্জরী)

(বিমুগ্ধা)—এ যদি রমণে লাজে ভয়ে হয় মুগ্ধ।
নবোঢ়া তাহাকে বলি প্রশ্রয়বিশ্রদ্ধ॥

(স্বকীয়া নবোঢ়ার প্রকৃতি)

হস্তেতে ধরিয়া, শয্যায় আনিয়া,

যদ্যপি কোলে বসায়।
নানা বাক্য ছলে,　　যত্নে কলে বলে,
বাহিরে যাইতে চায়॥
নবোঢ়াকে বশ,　　করণ কর্কশ,
সে রস কহিব কায়।
যেই পারা করে,　　স্থির করে ধরে,
সেজন ব্যামোহ পায়॥

(পরকীয়া নবোঢ়ার প্রকৃতি)

আপনার পতি আছে,　　ভয়েতে না শুই কাছে,
গায় হাত দেয় পাছে, এই ডরে ডরে হে।
প্রীতের বিষম কাজ,　　সে ভয়ে পড়িল বাজ,
লাজে পলাইল লাজ, আশা বাসা হরে হে॥
মুখের বাড়াও প্রীতি,　　হৃদয়ের হর ভীতি,
তার পরে যেবা রীতি, রাখ ক্ষমা করে হে।
যৌবন কমলাঙ্কুর,　　লোভে না করিও চুর,
হিয়া কাঁপে দুরদুর, পাছে যাই মরে হে॥

(সামান্য নবোঢ়ার প্রকৃতি)

কি ছার ধনের আশে,　　আইনু তোমার পাশে,
আগে জানিতাম নাহি, এত দায় হবে হে।
মুখ দেখি শোষে মুখ,　　বুক দেখি কাঁপে বুক,
মনে হতে মনে পড়ে, কিসে প্রাণ রবে হে॥
কেবা ইহা সহিবেক,　　আমা হতে নহিবেক,

ক্রুদ্ধ হও যদি নিজ, ধন ফিরে লবে হে।
যেবা তীর্থে নাইলাম, তারি পুণ্য পাইলাম,
অতঃপর ক্ষমা দেহ, আমারে না সবে হে॥
(বিশ্রব্ধ নবোঢ়ার প্রকৃতি)
স্তন দুটি করে ছাঁদ্যা, উরু দুটি ভুজে বাঁধ্যা,
লাজে ভয়ে মুদিল নয়ন।
প্রথমেতে নিরুত্তর, না না না তাহার পর,
টাল টোল এখন তখন॥
যদি খায়্যা লাজ ভয়, কিঞ্চিৎ সঞ্চিত হয়,
তবে আর না যায় ধরণ।
নবীন ভূষণ বাস, নব সুধা হাস ভাষ,
নব রস কে করে গণন॥

বিবোঢ়া—[উদ্বোঢ়া] বিবাহ কর্ত্তা, বর, পতি, জামাতা।
আর্ষোঢ়া—আর্ষ বিবাহবিধি দ্বারা পরিণীতা স্ত্রী।

ঔঢ়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

প্রৌঢ়া—বিবাহিতা, ৩০ হইতে ৫৫ বৎসর বয়স্কা স্ত্রী।

আঢ়ি—অন্ত। [২] দ্ব্যক্ষর।

আঢ়ি —(দেং) ধান্যাদি মাপিবার পাত্র, চতুপ্রস্থপরিমাণ
দাঢ়ি —(দেং) দাড়ি, শ্মশ্রু।
মাঢ়ি —পত্র শিরা, ক্লেশ, দন্ত বিং, ক্রোধ, দরিদ্র।
মাঢ়ী —দন্ত মূল।
রাঢ়ী —(দেং) রাঢ়দেশ বাসেন্দা, ব্রাহ্মণের শ্রেণী।

আষাঢ়ী—আষাঢ় মাসের পূর্ণিমা।

উঢ়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বূঢ়ি —[ব্যূঢ়ি] বিন্যাস, সাজান, স্থূলতা, সংহতি।
রূঢ়ি —প্রসিদ্ধ, উৎপত্তি, প্রাদুর্ভাব।

উঢ়ি—অন্ত।

নিরূঢ়ি —প্রসিদ্ধি।
অত্যারূঢ়ি—অতি বৃদ্ধি, অত্যুন্নতি।

এঢ়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

শ্রেঢ়ী—অঙ্কশাস্ত্রে গণনার প্রকার বিং, অঙ্ক বিং।

এঢ়ি—অন্ত। (৬) ষড়ক্ষর।

সমগুণশ্রেঢ়ী —যে সরল রাশির প্রত্যেকেরই স্বস্ব পর-পরবর্ত্তী রাশির সহিত সমান অনুপাত।
সমান্তরশ্রেঢ়ী—যে সকল রাশি স্বস্ব পরবর্ত্তী রাশি অপে-ক্ষা সমান পরিমাণে গুরু অথবা লঘু।

ঔঢ়ি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

পৌঢ়ি—সামর্থ্য,উৎসাহ,অভিলাস,প্রগল্‌ভতা,অধ্যবসায়
প্রৌঢ়ি—(দেং) অনুসন্ধান, উৎসাহ, বিবাদ, উদ্যম।

অঢ়ু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বঢ়ু—মুনি বিং।



ল। (১) একাক্ষর।

ল —ব্যঞ্জন বর্ণের অষ্টাবিংশ বর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত, এই জন্য ইহাকে দন্ত্য বর্ণ বলে, অন্য নাম, যথা—শশি, পৃথিবী, জননী, কলারব, মেরু, গিরি, চিত্ত, বলী, আত্ম মন্ত্র, বিশ্ব, হরি, কৃষ্ণ, প্রদ্যুম্ন, রমণী, বাণী, শিখা, লবণ, দেবী, নাদ, শিব, দেবরাজ, মাধব, পূতনা, ইন্দ্র, পৃথ্বীরাজ। (ইং) আইন

অল—অস্ত। (২) দ্ব্যক্ষর।

অল্ —(ধা) ভূষণ, বারণ–অলং, অলংকৃতি।

কল্ —(ধা) গণনা–কলন, আকলন, গমন–বিকল কল।

খল্ —(ধা) স্খলন–খলন, খলীকার, খলিত, খল।

ক্ষল্ —(ধা) শৌচ, পবিত্র কৃ–ক্ষালন, প্রক্ষালন।

স্খল্ —(ধা) চলন–পতিত হ–স্খলন, স্খলিত।

গল্ —(ধা) ক্ষরণ, দ্রব হওন–গলন, গলিত, বিগলিত।

চল্ —(ধা) গমন, গতি–চলন, প্রচলিত, চালিত।

জল্ —(ধা) আচ্ছাদন–জড়, জড়িত, জাল্ম, জল।

জ্বল্ —(ধা) দীপ্তি, কম্পন–জ্বলন, উজ্জ্বলন, জ্বালা।

টল্ —(ধা) বিহ্বল হওয়া–টলন, টলিত (ইং) লম্বা, দীর্ঘ

স্থল্ —(ধা) স্থিতি–স্থল, স্থলী, স্থলিত।

দল্ —(ধা) ভেদ–দলন, দলিত, দলনীয়, দল, দলি।

পল্ —(ধা) পালন, প্রাপ্তি, গমন–পলিত।

ফল্ —(ধা) নিষ্পত্তি–ফুল্তি, ফুল্ল, ফল, ফলন।

স্ফল্ —(ধা) চলিত, স্ফূর্ত্তি-বিস্ফালন, আস্ফালন।

বল্ —(ধা) সম্বরণ-বলয়িত, জীবন-বল, বালক।

ভল্ —(ধা) দান, বধ-ভলন, ভালক, ভালিত।

হ্বল্ —(ধা) কম্পন।

মল্ —(ধা) ধারণ-মলন, মল, মলয়, আমলক, পরিমল।

শল্ —(ধা) আচ্ছাদন-শালা, শালার, শলভ, শলাকা।

সল্ —(ধা) গমন-সলিল, সলন।

হল্ —(ধা) ভূমি কর্ষণ-হল, হলী, হলি। (ইং) দালান।

কল্ল্ —(ধা) শব্দ করা, রচনা-কল্ল, কল্লোল, কল্পনা।

পল্ল্ —(ধা) গমন, পল্ল, পল্লী, পল্লব, পল্লতি, পল্লন।

অল —বৃশ্চিকের হুল, হরিদ্বর্ণ গন্ধ চূর্ণ, হরিতাল।

কল —রেতঃ, শুক্র, অব্যক্ত মধুর ধ্বনি, ভ্রমরাদির গুণ-গুণ শব্দ, অজীর্ণ। (দেং) যন্ত্র, কৌশল, কলকণ্ঠ।

খল —হিংসক, দুর্জ্জন, সূর্য্য, তমাল বৃক্ষ, ধুস্তুর বৃক্ষ, জঞ্জাল, মল, খামার, খলাধান, কল্ক, তৈলের সিটা, স্থান, ভূ, নীচ, ক্রূর, মর্দ্দন পাত্র।

গল —কণ্ঠ, রজ্জু, ধুনা, গালা, বাদ্য বিং, গড়ক মৎস্য

চল —চঞ্চল, অস্থির, জঙ্গম, কম্পিত। (দেং) গমন।

ছল —কপটতা, শঠতা, প্রবঞ্চনা, দূষণ।

জল —সলিল, বারি, ভূত বিং, জড়, বিবেক হীন।

জ্বল —দীপ্তি, দীপ্তি বিশিষ্ট, প্রভা।

টল —চিন্তা, মানসিক ব্যাকুলতা, বিচলন, স্খলন।

ঢল —পর্ব্বতাদি হইতে নির্গত জল। (দেং) ঢিলা।

তল —তলা, অধোভাগ, পৃষ্ঠদেশ, ঢালি, মধ্যদেশ, কানন, গর্ত্ত, তেলো, গৃহের পরিচ্ছেদ, চাপড়, তাল বৃক্ষ, খড়্গাদির মুষ্টি, বীণাদির সুর বন্ধন, বাহু, নিম্ন, মহীতল, স্বরূপ, উপরিভাগ, হস্ততল।

স্থল —স্থান, জল শূন্য অকৃত্রিম ভূমি, পাত্র, তাম্বু, ঢিবি, বিবাদ বা বর্ণনার বিষয়, পুস্তকের অংশ।

দল —পাতা, খণ্ড, অংশ, কর্ত্তন, বিদারণ, সমূহ, ফুলের পাপ্ড়ি, অস্ত্রাদির ধার, খাদ, অপদ্রব্য, শ্যামিকা, অর্দ্ধ, দলন, তমাল পত্র, ঘন, সৈন্য, শস্ত্রীচ্ছদ, উৎসেধ, [দেং] স্থূলতা, দাম, সমূহ, পাল।

ধল —[দেং] শ্বেত, শুক্ল, শাদা।

নল —শর, খাগড়া, চোঙ্গা, নিষদ রাজ, বানর বিং, দৈত্য বিং, পদ্ম, সুগন্ধ, চন্দ্র বংশীয় নৃপতি বিং, তৃণ বিং

পল —পরিমাণ বিং, ৪ তোলা পরিমাণ, দণ্ডের ৬০ ভাগের এক ভাগ, মাংস, চলন, বিশৃঙ্খল, তৃণ, শস্য শূন্য তৃণ, পোয়াল খড়।

ফল —কুটজ বৃক্ষ, মুষ্ক, ফাল, বাণাগ্র, উৎপন্ন বস্তু, জীবের কর্ম্ম ফল ভোগ, উত্তর, ত্রিফলা, জন্তী ফল, ধন, প্রয়োজন, দান, সুখ, তক্তা, ঢাল, পাতা, লাভ।

বল —ভৃত্য-সুহৃদ-শ্রেণী-দ্বিষৎ-আটবিক-সৈন্যমৌল—৬, স্থৌল্য, সামর্থ্য, দ্রবিণ, স্বর্ণ, শৌর্য্য, সার,

রূপ, শুক্র, শরীর, রক্ত, পল্লব.ভার, বায়স,বলদেব, বরুণ বৃক্ষ, দৈত্য বিং, বলযুক্ত, সবল, শক্তি, পরাক্রম,সার,বপু। (ইং) গুলি, নৃত্য।

মল —বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা, রক্ত, পুঁজ ইত্যাদি শরীরের ময়লা, বাত. পিত্ত এবং কফ্, গাদ,কিউ,কাইট, পচা বস্তু প্রভৃতি, দুষিত, পাপ, কলঙ্ক, কর্পূর, মৎস্য বিং, অস্থি, মল যুক্ত, কৃপণ। (দেং) স্ত্রীলোকের পাদাভরণ বিং।

লল —[ধা] প্রাপণেচ্ছা, ক্রীড়া, গমন, ললন।

শল —শজারুর কাঁটা, ব্রহ্মা, কুন্ত অস্ত্র, রাজা বিং,উষ্ট্র, লোম, ভৃঙ্গী, ক্ষেত্র বিং, অসুর বিং।

সল —জল, বারি, নীর।

হল —লাঙ্গল, হাল, ককারাদি সমস্ত ব্যঞ্জন বর্ণ।

অল্ল —অথর্ব্ব বেদে খ্যাত যবনোপাস্য পরমেশ্বর।

কল্ল —কালা, বধির-যে শুনিতে পায়না।

খল্ল —ঔষধ মাড়া পাত্র,খল,বস্ত্র বিং,চর্ম্ম,মশক,চাতক

গল্ল —কপোল. গণ্ড, গাল।

ঝল্ল —মল্ল যোদ্ধা. ভাঁড়, ঝাল জাতি।

তল্ল —গহ্বর, গর্ত্ত, বিল, নিপান, জলাশয়, তালাও।

পল্ল —শস্যাধার গৃহ, পালুই, মরাই।

বল্ল —ধান্যাদি শস্য পাছড়ান, তিন কুঁচ পরিমাণ, গুঞ্জা ত্রয় পরিমাণ, ভক্ষ্য বস্তু, সংবরণ।

ভল্ল —ভালুক, শস্ত্র বিং। (ধা) দান, বধ-ভল্লুক।

মল্ল —অতিশয় বলবান্, বাহু যোদ্ধা, জাতিভ্রষ্ট ক্ষত্রিয় সন্তান,পাত্র বিং,গণ্ডস্থল,দেশ-জাতি-মৎস্যবিং।

শল্ল —ভেক, ব্যাঙ্, ত্বক্, আঁইস।

তল্ব —সুগন্ধি দ্রব্য মর্দ্দনোত্থ গন্ধ।

নল্ব —চারিশত হস্ত পরিমিত স্থান।

শল্ব —দেশ বিং, শাল্ব দেশ।

কল্য —গত দিন, আগামী দিন, প্রাতঃকাল, লগ্ন, মধু, দক্ষ,মঙ্গলকর,সজ্জিত,সুস্থ, বধির ও বোবা।

ফল্য —ফল, পুষ্প, কুসুম, মুকুল।

বল্য —প্রধান ধাতু, শুক্র, বুদ্ধ ভিক্ষুক, বলকারক।

শল্য —মদ্র দেশের রাজা, শজারু, পশু,শলাকা, গোঁজ, পেরেক,সীমা,বাণ,বিষ,পাপ, দুর্ব্বাক্য, ভাগাড়, শঙ্কু, অস্থি, নিন্দা, কণ্টক, কষ্ট, বিল্ব-মদন বৃক্ষ, তোমর, ফল বিং, মৎস্য বিং।

হল্য —হলকৃষ্ট (ক্ষেত্রাদি) লাঙ্গল সম্বন্ধীয়।

অলং —[অলম্] ভূষণ,প্রচুর,সমর্থ,নিষেধ, অনাবশ্যক।

শল্ক —প্রণয়ালাপী, মধুর ভাষী, প্রিয়ম্বদ, মিষ্ট বক্তা।

প্রগ্ল —শ্রান্ত, পরিশ্রম যুক্ত।

অম্ল —[অম্ল] রস বিং, টক, অম্ল রস যুক্ত।

অল—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ক্যাকল্—[ইং] রাজহাঁস, রাজহংস।

জেকল্ —[ইং] শৃগাল, শিয়াল।

পিকল্ —[ইং] আচার, কাসুন্দি।

সিকল্ —[ইং] কাস্তে, কর্ত্তনী।

আঙ্কল্ —[ইং] জেঠা,খুড়া,মেসো, পিসে,মামা ইত্যাদি।

অ্যাঙ্কল্ —[ইং] পায়ের গাঁইট।

পক্ষ্মল্ —নেত্র লোম যুক্ত।

গার্গল্ —[ইং] কুলকুচা।

স্পীটল্ —[ইং] থুথু।

লিটল্ —[ইং] একটু, ছোট।

জেণ্টল্ —[ইং] ভদ্র, সভ্য, মৃদু।

পিষ্টল্ —[ইং] বন্দুক।

ছ্যাডল্—[ইং] জীন, ঘোড়ার পৃষ্ঠের গদী।

বাণ্ডল্ —[ইং] বস্তা, পুলিন্দা।

পিপল্ —[ইং] লোক, ব্যক্তি।

অ্যাম্পল্—[ইং] প্রচুর, যথেষ্ট।

ছ্যাম্পল্—[ইং] নমুনা।

পিম্পল্—[ইং] ফুস্‌কুড়ি।

টেবল্ —[ইং] টেবিল।

ষ্টেবল্ —[ইং] আস্তাবল।

মার্ব্বল্ —[ইং] শ্বেত পাথর।

গারল্ —[ইং] বালিকা।

জিয়ল —(দেং) কচ্ছপ, মৎস্য বিশেষ, বৃক্ষ বিং।

অকল —(যাং) জ্ঞান, প্রজ্ঞা।
একল —(দেং) একাকী, একলা।
কাকল—কণ্ঠের অলঙ্কার বিং, কণ্ঠ মণি, ধেড়ে কাক।
গোকল—(দেং) গোগ্রাস, গরুকে দত্ত ঘাস।
নকল —(যাং) আদর্শ, ভাঁড়াম, অনুরূপ, কৌতুক, রহস্য
পাকল—হস্তির জ্বর, বায়ু, অগ্নি, ঔষধ বিং, কুড়।
বাকল —(দেং) বৃক্ষ ত্বক্, গাছের ছাল।
বিকল —অসম্পূর্ণ, অসমগ্র, হ্রাস প্রাপ্ত, অপ্রতিভ, বিহ্বল, অবশ. অস্বাভাবিক, অনৈসর্গিক, রহিত
ভুকল —[শূকল] দুষ্ট অশ্ব, অদম্য ঘোটক।
মেকল —[মেখল] পর্ব্বত বিশেষ।
শকল —খণ্ড, অংশ, এক দেশ, চর্ম্ম, আঁইস, রঙ্ বিং।
সকল —সমগ্র, অখিল, নিখিল, কৃৎস্ন, অশেষ, সর্ব্ব।
শিকল —[দেং] জিঞ্জির, নিগড়, শৃঙ্খল।
সুকল —দাতা ও ভোক্তা, অবিকল, মধুরাস্ফুট, দান ভোগে সমর্থ।
রাঙ্কল —বৃক্ষের কণ্টক, গাছের কাঁটা।
সঙ্কল —যোগ, মিলন, সংগ্রহ, ঠিক দেওয়া।
উৎকল —উড়িষ্যা দেশ, ব্যাধ, ভার বাহক, মুটে।
দম্‌কল —[দেং] জল তোলনের যন্ত্র বিং।
বল্কল —[শল্কল] মৎস্য ত্বক্, আঁইস, গাছের ছাল।
বাল্কল —বল্কল নির্ম্মিত, বৃক্ষত্বকদ্বারা নির্ম্মিত, দৈত্য বিং

নিস্কল —কলা শূন্য, নষ্ট বীর্য্য, নিরংশ, পূর্ণ, নিষ্ফল, অসংশয়, আধার, পরব্রহ্ম, বন্ধ্যা।

পুস্কল —উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, বহু,পরিমাণ পাত্র বিং,পশুরি, উপস্থিত, গ্রাস চতুষ্টয়াত্মক ভিক্ষা, ভরতপুত্র

বাস্কল —যোদ্ধা, বীর, শূর, অসুর বিং, বৃহৎ, বড়।

বিস্কল —গ্রাম্য শূকর।

শৌস্কল—মৎস্য মাংস ভোজী, শুষ্ক মাংসের মূল্য।

দখল —[যাং] অধিকার।

পক্ষ্মল —নেত্র লোম যুক্ত।

শৃঙ্খল —শিকল,নিগড়,পুরুষের কটিবন্ধন,নিয়ম,ব্রাকেট চিহ্ন,হস্ত্যাদির লৌহ পাদবন্ধনী,রীতি,গোট।

আগল —(দেং) বেষ্টন, রক্ষণ। (যাং) প্রহরী, চৌকি।

ছগল —[ছাগল] অজ, অজা, পাঁঠা।

জগল —মদিরা বিং,বর্ম্ম,সাঁজোয়া, ময়না গাছ, মেয়া, গোময়, চতুর, শঠ, কবচ, মদের গোঁড়া।

যুগল —যুগ্ম, যোড়া।

পাগল —(দেং) বায়ুগ্রস্ত, বাতুল, উন্মত্ত, ক্ষিপ্ত।

বগল —কক্ষদেশ, বাহু মূল। (যাং) পার্শ্ব।

জঙ্গল —অরণ্য, অটবী, বন, মাংস, জনশূন্য, নির্জ্জন।

জাঙ্গল —জঙ্গল সম্বন্ধীয়, অসভ্য, বন্য, জঙ্গলা, বনচর, পক্ষী-দেশবিং,মাংস,হরিণমাংস,বারিহীন দেশ

পিঙ্গল —রীতি, পিত্তল, নীল-পীত মিশ্রিত বর্ণ, মুনি

বিং, নাগ ভেদ, নিধি ভেদ, নকুল বিষ বিং, মহাদেব, সূর্য্যের পারিপার্শ্বিক, অগ্নি, বৎসর বিং, মঙ্গল গ্রহ, ক্ষুদ্র উলূক, ছন্দোগ্রন্থ বিং।

পুঙ্গল —আত্মা, জীব।

মঙ্গল —কুশল, শুভ, ক্ষেম, কুজ গ্রহ-তৃতীয় গ্রহ।

মাঙ্গল —শুভকর, কল্যাণ জনক।

লাঙ্গল —ভূমি কর্ষণ যন্ত্র বিং, হল, লিঙ্গ, পুষ্প বিশেষ, তালবৃক্ষ, গৃহ দারু।

পুদ্‌গল —বৌদ্ধমতে-দ্ব্যণুকাদি পদার্থ, আত্মা, দেহ, সুন্দরাকার, রূপ বিশিষ্ট পদার্থ, সুশ্রী।

মুদ্‌গল —গোত্রপ্রবর্ত্তক মুনি, তৃণ বিং, রোহিস তৃণ।

অর্গল —খিল, কপাটবন্ধনার্থকাষ্ঠ, হুড়কা, গোঁজ, কল্লোল, প্রতিবন্ধক, দেবী মাহাত্মের পাঠ্য স্তোত্র বিং।

অচল —পর্ব্বত, শিব, ব্রহ্মা, বৃক্ষ, স্থির।

আঁচল —স্ত্রীলোকের বস্ত্রের প্রান্ত ভাগ, অঞ্চল, বস্ত্রাঞ্চল

উঁচল —(দেং) চালন, ঝাড়ন, পরিস্কার করণ।

খচল —বাঁটুল, গুলি।

পাচল —অগ্নি, বায়ু, পাচক, পাচন।

বিচল —চ্যুত, ভ্রষ্ট, স্থান বহির্গত, কম্পিত, অস্থির, স্খলিত

ভূচল —ভূমিকম্পন, ভূকম্প।

মাচল —চৌর, তস্কর, বন্দী, কয়েদী, রোগ, গ্রহ, কুম্ভীর।

অঞ্চল —আঁচল, বস্ত্রের প্রান্তভাগ, প্রদেশ, দিক্, ভাগ।

চঞ্চল --যাহার মতের ঠিকনাই=অস্থির,চপল,কম্পিত, আলোড়িত, বায়ু, প্রণয়ী ব্যক্তি, লম্পট।
নিশ্চল —অচল,স্থির,জঙ্গম বস্তু,স্থাবর,বৃক্ষ,পর্ব্বত।
পিছল —[পিচ্ছল] (দেং) আটাহীন,গড়ানিয়া, স্বচ্ছ।
সচ্ছল —[স্বচ্ছল] (সচ্ছীশব্দজ) দাতা, বদান্য, ব্যয়ী।
কাজল —(দেং) অঞ্জন।
খজল —আকাশ বারি, শিশির, নীহার।
গোজল—গরুর মূত, গোমূত্র, চোনা।
তেজল —পক্ষী বিং, কপিঞ্জল পক্ষী।
মাজল —পক্ষী বিং, চাস পক্ষী।
সুজল —সুন্দর জল, পদ্ম।
ইজ্জল —হিজল গাছ, জিউলি গাছ, নিচুল বৃক্ষ।
কজ্জল —অঞ্জন, বারিবাহ, মেঘ।
বিজ্জল—সরস ব্যঞ্জনাদি,বাণ,ইষু, বিশিখ, শায়ক,শর
হিজ্জল--(হিজল) বৃক্ষ বিং।
উজ্জ্বল—দীপ্তিমান,নির্ম্মল,পরিস্কৃত,শৃঙ্গার রস, স্বর্ণ।
কজ্জ্বল—কাজল, অঞ্জন।
কঞ্জল —ময়না পাখী।
কিঞ্জল --কেশর,ফুলের পাপড়ি,পুষ্পরেণু,নাগকেশরপুষ্প
কুঞ্জল —কাঞ্জিক, কাঁজি, আমানি।
দ্ব্যঞ্জল —দুই অঞ্জলি পরিমিত।
প্রাঞ্জল--ঋজু,সোজা,সরল,উজ্জ্বল,সুখবোধ্য,শুদ্ধমতি।

পিঞ্জল —ব্যাকুল সৈন্যাদি, কুশপত্র, হরিতাল, পিঙ্গলাভ
অটল —অচঞ্চল, স্থির, অবিচলিত, দৃঢ়।
আটল —(দেং) বক্র, বাঁকা।
নিটল —কপাল, ভাল।
পটল —স্তূপাকার, সমূহ, পুস্তক, বৃক্ষ, ডাঁটা, ছাদ, চাল, আচ্ছাদন, গাত্রাবরক চর্ম্ম বা শিরা তন্তু, স্থান, দেশের বিভাগ, জেলা, চন্দনের তিলক, আনুযাত্রিক ব্যক্তি, পরিচ্ছদ, ফল বিং, নেত্ররোগ, চুপড়ি, বাক্স, পেটেরা, বেদাংশ, চক্ষুর ছানি, গ্রন্থ বিং, গ্রন্থ পরিচ্ছেদ।
পাটল —শ্বেত-রক্ত বর্ণ, পাটকিলা রঙ, তদ্বর্ণ যুক্ত, আশু ধান্য, বৃক্ষ বিং, পুষ্প বিং, গোলাপ ফুল।
বিটল —দুষ্ট, প্রতারক।
কুট্মল —মুকুল, ফুলের কুঁড়ি, নরক বিং।
কণ্টল —বাবলা গাছ।
বিষ্টল —দূরস্থান, ব্যবহিত স্থল।
গড্ডল —মেষ, গাড়ল।
নড্বল —নল বহুল প্রদেশ, তৃণ ময় স্থান।
কুড্মল —মুকুল, নরক বিং।
কুণ্ডল —কর্ণ ভূষণ, বলয়, কঙ্কন, পায়ের বেড়ী, বলয়, কুতি, গণ্ডাসী, পাশ।
পিণ্ডল —সেতু, সাঁকো, বাঁধ।

মণ্ডল —কুক্কুর, সর্প বিং, [দেং] গ্রামের প্রধান ব্যক্তি, মড়ল, চন্দ্র সূর্য্যের পরিধি, বূ্যহ বিং, গন্ধদ্রব্য বিং, গোল, সূর্য্যাদির বিম্ব, যোদ্ধা দিগের স্থিতি বিং, নখাঘাত, সমূহ, সংঘাত, দেশ, প্রদেশ, রাজ্য, কোঠ রোগ, চক্র, স্থান, বিভাগ, রাজ্য বিং, পরিশেষ।

অতল —প্রথম খণ্ড পাতাল, ভূগর্ভ, তল শূন্য।

কাতল—কাতলা মাছ।

তাতল —রোগ, লৌহ নির্ম্মিত যষ্টি, রন্ধন, উত্তপ্ত।

ত্রিতল —তেতালা।

দ্বিতল —দোতালা, যে গৃহের দুই তল।

নিতল —সপ্ত পাতালের অন্তর্ভূত পাতাল বিং।

পিতল —রীতিকা, মিশ্রিত ধাতু বিং।

প্রতল —চপেট, চড়, পাতাল বিশেষ।

বাতল —বায়ু কারক, ছোলা, চণক, বুট।

বিতল —সপ্ত পাতালের মধ্যে তৃতীয় পাতাল।

বোতল—(দেং) কাচ রচিত বড় শিশি বিং।

ভূতল —ধরাতল, পৃথিবীর উপরি ভাগ, পাতাল, পৃথিবী

শীতল —শৈত্যগুণযুক্ত, ঠাণ্ডা, চন্দন, শৈলেয়, মৌক্তিক, বীরণ মূল, ধূনা, চম্পক, ব্রত বিং, চাল্‌তা গাছ, পথ, চন্দ্র, স্নিগ্ধ।

সুতল —উত্তম তল যুক্ত-গৃহাদি, ষষ্ঠ পাতাল, অট্টা-

লিকার মূল পত্তন, অট্টালিকা বন্ধ।
পিত্তল —পিত্তযুক্ত, পৈত্তিক, তাম্র-দস্তা মিশ্রিত ধাতু বিং, পিতল, ভূর্জ্জপত্র।
চিত্রল —চিত্রবর্ণ, নানাবর্ণ।
পত্রল —পাতলা দই, ঘোল।
মূত্রল —রঙ্গ, রাং, মূত্র বর্দ্ধক, ত্রপুষ, শশা, কাঁকুড়।
কুন্তল —কেশ, চুল,পান পাত্র, যব, দেশ বিং,লাঙ্গল।
নিস্তল —নিম্ন, বাঁটুল, বর্ত্তুল, তলশূন্য, চঞ্চল।
কদল —কলাগাছ, তৎফল-কলা।
দ্বিদল —যাহার দুইদল, দ্বিপর্ণ, কলায় প্রভৃতি।
প্রদল —বাণ, শর,স্ত্রীলোকের রোগ বিং, প্রদররোগ।
বদল —[যাং] বিনিময়, প্রতিদান, পরিবর্ত্তন।
বাদল —যষ্টিমধু, (দেং) দুর্দ্দিন, বর্ষা,বাদলা, মেঘলা।
বিদল —দ্বিধাকৃত কলায় প্রভৃতি.ডাইল,ডাল, বংশাদি নির্ম্মিত পাত্র বিং, ডালিমের ছাল, রুটি,বিকসিত, দলহীন, পত্র শূন্য, রক্তকাঞ্চন, পিষ্টক।
বৈদল —ভিক্ষুকের মৃণ্ময়াদি পাত্র, পিষ্টক।
মাদল —মৃদঙ্গ, খঞ্জরী, মুরজ, বাদ্য যন্ত্র বিং।
শাদ্বল —নবতৃণ দ্বারা হরিদ্বর্ণ স্থান, শাদ রহিত প্রদেশ
বাগ্দল —ওষ্ঠাধর।
কন্দল —ঝগড়া, বিসম্বাদ, রণ, অব্যক্ত ধ্বনি, গণ্ডদেশ, নবজাত পল্লব, স্বর্ণ,সমূহ, কপাল, কদলী পুষ্প